মিশনারীরা দেশীয় শিক্ষার মূল্যকে অবজ্ঞা করে ভুল করেছিলেন। প্রচলিত সামাজিক, ধর্মীয় বা অর্থনৈতিক ব্যবস্থাকে মান্যতা দিয়েই ভারতীয় নারীকে দেশজ শিক্ষা দিতে হবে, এমন শিক্ষা দিতে হবে যা তাকে জাতীয়তাবোধে দীক্ষা দেয়, স্বাবলম্বনের পথ চেনায়, সম্মানজনক বৃত্তিতে যুক্ত হয়ে জীবিকা নির্দেশের হৃদিশ দেয়। তবেই সে প্রকৃত সুমাতা, সুগৃহিণী হতে পারবে। সে সময় দেশের সাধারণ মানুষ সচেতন ছিলেন না এই যুক্তিতে — যার উৎসে রয়েছে নারীর সার্বিক শিক্ষা, যা ধারাবাহিক উন্নয়নে প্রজন্ম থেকে প্রজন্মে সাহায্য করে, দেশের উন্নতির সূচক সৃষ্টি করে। স্কুলে তিনি বিভিন্ন বয়সের মেয়েদের বাংলা ও ইংরেজি ভাষা ও সাহিত্য, গণিত, বিজ্ঞান, ভূগোল, ইতিহাস প্রভৃতি বিষয় যেমন শেখাতেন, তেমনি একই গুরুত্ব আরোপ করতেন প্রচলিত শিল্পকলার চর্চায়। সেখানে আলপনা, সূচের কাজ, মাটির পুতুল নির্মাণ, ঘরোয়া পদ্ধতিতে খাদ্য সংরক্ষণ— যেমন আচার তৈরি এরকম বহুবিধ বিষয়ে উৎসাহ দিতেন। উৎসাহ দিতেন নিঃস্বার্থ সেবা-ভালোবাসার চর্চায়। আজন্ম প্রোটেষ্ট্যান্ট বিদেশি কন্যাটির মূর্তিপূজা বা দেশীয় ব্রত-কথা-ব্রতপালনে আপত্তি ছিল না। এইসব লৌকিক আচার-আচরণের মাধ্যমে সমাজের চাহিদা, ভারতীয় সংস্কৃতির মূল সুরাটি ধরতে পারতেন। ভ্রমণের মাধ্যমে শিক্ষাদানকেও বিশেষ গুরুত্ব দিতেন। আর্থিক অভাব থাকলেও মেয়েদের নিয়ে আলিপুরের পশুশালা, ভারতীয় জাদুঘরে বেড়াতে গেছেন। নৌকায় করে গঙ্গাবক্ষে ভ্রমণ করিয়েছেন দক্ষিণেশ্বরে যাওয়ার জন্য। মাঝ গঙ্গায় নৌকো উথাল-পাথাল হতে শুরু করলে মেয়েদের সাহস, স্থৈর্য যুগিয়েছেন। রাজস্থানের বীরাঙ্গনাদের গল্প শুনিতে তাদের উদ্দীপ্ত করেছেন। মেয়েদের শারীরিক শিক্ষার প্রশিক্ষণ দিয়েছেন, শিখিয়েছেন মেরুদণ্ড সোজা করে বসার কৌশল। স্নেহ-শাসনে-অভিভাবকত্বে, ভারতীয় মেয়েদের আত্মনির্ভর হওয়ার জন্য সর্বদা প্রখর দৃষ্টি রেখেছেন। তাদের বিকশোন্মুখ মনে স্বদেশ সেবার মন্ত্র প্রবেশ করিয়েছেন। সর্বদা ছাত্রীদের বলতেন, তোমরা ভারতের মেয়ে, ভারতের সনাতন আদর্শকে চেনো, জানো অন্যদেশ-জাতির কথা। যুগের চাহিদা অনুযায়ী নিজেদের প্রস্তুত করতে হবে। তিনি চাইতেন মেয়েরা সংঘবদ্ধ হয়ে কাজ করুক, নিজেদের সুকুমার বৃত্তিগুলির চর্চা করে পরিবারে সৌন্দর্য ভাবনা ও আনন্দ নিয়ে আসুক। মানুষের অন্তর্নিহিত সৌন্দর্য বোধ জেগে উঠলে কাজের মধ্যে দাসত্ব ভাবনা বিদ্রম ঘটাবে না। তাঁর এই manual training-এর মাধ্যমে শিক্ষার কথা সে যুগে অচেনা ছিল। তাঁর মৃত্যুর অনেক পরে গান্ধিজী প্রবর্তিত ‘নয়া তালিম’ বা ওয়ার্থ কমিশনের সুপারিশ ছিল হাতের কাজের প্রশিক্ষণ দিয়ে বা বৃত্তিমূলক প্রশিক্ষণ দিয়ে মেয়েদের জীবিকার স্বাচ্ছন্দ্য খুঁজে দিতে হবে। ‘The future education of Indian women’ শিরোনামের প্রবন্ধে নারী-শিক্ষার উদ্দেশ্য নিয়ে তাঁর স্বচ্ছন্দ ভাবনা চিনিয়ে দেয় এই শিক্ষাব্রতিনীর মূল লক্ষ্য। ‘And education of the brain that uprooted humility and took away tenderness would be not true education at all. These virtues may find different forms of experssion in mediavel and modern civilization, but they are necessary in both.’ নারীর পতিসেবা, দয়া, আত্মত্যাগ প্রসঙ্গে তিনি বলতেন, ‘এগুলি ভালো বটে, কিন্তু যথেষ্ট নহে। যোগ্য ভারতীয় মহিলা পতির গবেষণাকার্যে সাহায্য করিবে। তাঁহার যথার্থ সহধর্মিনীরূপে তাঁহার নির্বাচিত সত্য আবিষ্কার ব্রতে সঙ্গিনী হইবে, নারীকেন্দ্রিক শিক্ষাতত্ত্বের মূল নির্যাসটি তাঁর মতে ছিল দেশজ শিক্ষায় মেয়েদের নির্ভীক, সবলা, সাহসী, কর্মদক্ষ ও স্বাবলম্বী করে তুলতে হবে। এ কারণেই হয়তো রবীন্দ্রনাথ তাঁর কনিষ্ঠা কন্যা মীরার শিক্ষার দায়িত্ব নিবেদিতার উপর দিতে চাইলে মুখের ওপর বলে দেন প্রত্যেক দেশের জাতিগত নৈপুণ্য ও ব্যক্তিগত ক্ষমতার বিকাশে জোর দেওয়া উচিত। মেয়েকে বিলিতি খুকি বানানোর প্রয়োজন কি ?

ভারত স্বাধীন হওয়ার পর রাধাকৃষ্ণন কমিশন, কোঠারি কমিশন, ন্যাশনাল এডুকেশন পলিসি ১৯৮৬ ও ২০১৬

প্রভৃতি প্রতিটি শিক্ষাকেন্দ্রিক কমিশনে নারীর উচ্চশিক্ষা, গবেষণা, বৃত্তিমূলক শিক্ষা প্রভৃতির সুপারিশ করা হয়েছে। যে শিক্ষার বলে আশা করা যায় নারীর ক্ষমতায়নের বিস্তার ঘটবে। বর্তমানে সারা ভারতে প্রায় পঞ্চাশ শতাংশ নারী উচ্চশিক্ষার সুযোগ পায়। তবু নারীর মেধা, প্রশাসনিক দক্ষতাকে তেমনভাবে ব্যবহার করা হয়নি। তার চেয়ে বড় সমস্যা এ কালের উচ্চশিক্ষিত নারীর মনে স্বদেশ প্রেমের স্থান নেই, অবিচার-অন্যায়ের জন্য প্রতিবাদের কণ্ঠ নেই। তা যদি থাকত তাহলে প্রতিদিন সংবাদ মাধ্যমে নারীর প্রতি অত্যাচার-অবিচারের ঘটনাগুলো এত স্থান দখল করত না। এই একটি ক্ষেত্রে নিম্নবিত্ত, উচ্চবিত্ত, শিক্ষিত-অশিক্ষিত নারীর মধ্যে প্রভেদ নেই। আজও কন্যা সন্তান জন্ম দেওয়ার অপরাধে নারীর পারিবারিক নির্যাতন বন্ধ হয়নি, পণের জন্য হতভাগ্য বধুটিকে অকথ্য অত্যাচার সহ্য করতে হয়, কারণ তার আর ফেরার জায়গা নেই। পিতৃগৃহ ছাড়তে হয়েছে অনেক দেনা-পাওনার হিসেবকে সাক্ষী রেখে, শ্বশুর গৃহ অনেক ক্ষেত্রেই নিষ্ঠুর, উদাসী। তাহলে? এত শিক্ষা, মেধা, কর্মক্ষমতা নিয়েও ও মেয়ে তোর ঘর কোথায়? আজও বিবাহপূর্বকালে কন্যা সন্তানটিকে তার পরিবারের স্বজনরা নামতা পড়ানোর মত তার মস্তিষ্কে গোঁথে দেন সংসারের সব ধরণের অসম্মানের মধ্যে নত হয়ে, আপস করে মানিয়ে চলাটাই মেয়েদের কাজ। এই ধরণের শিক্ষিত নারী নিবেদিতার কল্পনায় ছিল না।

আজকের নারীর কাছে উচ্চশিক্ষার প্রবেশদ্বার আর অগম্য নয়, অগম্য তার প্রকৃত স্বাবলম্বনের সাহস। যে শিক্ষা নিবেদিতা আজ থেকে ১০০ বছরের বেশি আগে আমাদের পূর্ব মাতৃকাদের দিয়ে গিয়েছিলেন— প্রবহমান সংস্কৃতির যাপনা চিত্রে তার স্মৃতিটুকু জেগে আছে, প্রকৃত উদ্দেশ্য বুঝি মিথ্যে হয়ে গেছে।

নিবেদিতার জন্মের সার্থশতবর্ষে দাঁড়িয়ে আজকের ভারত নিশ্চিত অনুভব করতে পারছে এই অদ্ভুত আঁধার ঘেরা সময়ে রাশি রাশি অন্ধ চোখে আলো জ্বালিয়ে দেওয়ার জন্য সেই দীপ্ত শিখার নারীটির আদর্শে শরণাগত হওয়াটা বড় জরুরী।

॥ নারীর অবস্থান— উনিশ শতকীয় সমাজ ও সাহিত্যে ॥

শুভলক্ষ্মী দাশগুপ্ত
অধ্যাপিকা, বাংলা বিভাগ

অষ্টাদশ শতকের শেষার্ধ্ব থেকে বাংলাদেশের সমাজের ওপর বিদেশি ভাবধারার যে প্রবল অভিঘাত শুরু হয়েছিল, তাকে উপেক্ষা করার মত শক্তি বাঙালি সমাজের ছিল না। প্রতীচ্যের ভাবধারার সঙ্গে পরিচয়ের ফল হিসেবে দেখা দিয়েছিল বাঙালির চিন্তা ও মানসজগতে প্রভূত পরিবর্তন। এই পরিবর্তনের ধারা উনবিংশ শতাব্দীতে কখনও কখনও উচ্চকিত হলেও, মোটের ওপর তা ধীরলয়ে মন্দাক্রান্তা ছন্দে প্রবাহিত হয়েছিল। তবে পুরনো বিশ্বাসের জগতে যে ধীরে ধীরে পরিবর্তন আসছিল, এটা অনেকেই বুঝতে পেরেছিলেন। বিশ্বাসের জগতের এই আপাদমস্তক ভিন্নতা দেখা দিল সর্বক্ষেত্রে। নতুন ভাবধারার সংস্পর্শে এসে বাস্তবমুখী শিক্ষা ও আধুনিক জ্ঞানবিজ্ঞানের প্রবেশপথই শুধু উন্মুক্ত হল না, মানুষ সম্পর্কে দৃষ্টিভঙ্গিই পরিবর্তিত হয়ে গেল। এই দৃষ্টিভঙ্গি একদিন প্রবেশ করল অন্দরমহলেও।

বাঙালি মেয়ের জীবনে যে অভিঘাত সুদূরপ্রসারী প্রভাব নিয়ে আসে, সেই স্ত্রীশিক্ষার আন্দোলনের সূচনা হয় উনিশ শতকীয় শিক্ষিত শ্রেণীর জাগরণের ইতিহাসের মধ্যেই। বঙ্গদেশে তখন নারীশিক্ষার ধারণা ছিল না। সে সময়ে মুষ্টিমেয় মেয়েরাই ছিল শিক্ষিত। প্রধানত জমিদার ঘরে হিসেব রাখার জন্য আর সন্তানহীন বিধবারা ধর্মগ্রন্থ পড়ার জন্য শিক্ষার সাহায্য নিত। এই পরিস্থিতিতে শুরু হয় রাজা রামমোহন রায়ের নেতৃত্বে নারী-শিক্ষার আন্দোলন। দ্বারকানাথ ঠাকুর, প্রসন্নকুমার ঠাকুর প্রমুখরাও স্ত্রীশিক্ষার প্রয়োজনীয়তা অনুভব করেন। এর সঙ্গে যুক্ত হন ভিভিয়ান লুই ডিরোজিও এবং ইয়ং বেঙ্গল দল। বাঙালি মেয়ের অগ্রগতির এই সোপানে মেয়েদের অবস্থানের ঠিক কতখানি পরিবর্তন হয়েছিল তা দৃষ্টান্ত দিয়ে বোঝা যায়। রামমোহন রায়ের স্ত্রীশিক্ষায় ও সংস্কারে ঐকান্তিক আগ্রহ সত্ত্বেও তাঁর দুই স্ত্রীর কেউই শিক্ষিত হন নি। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁর স্ত্রীকে শিক্ষিত করতে পারেন নি। স্ত্রীর সঙ্গে তাঁর শুধুমাত্র ভরণপোষণের সম্পর্ক ছিল। বনফুলের বিদ্যাসাগর নাটকে বিদ্যাসাগরের স্ত্রী দিনময়ীর নিঃসঙ্গতা ফুটে উঠেছে। অন্য একটি চিত্র পাওয়া যায় দ্বারকানাথ ঠাকুরের স্ত্রী দিগম্বরী দেবীর পৃথক জীবনযাপনের ঘটনায়। কোনো প্রয়োজনে যখনই দ্বারকানাথ দিগম্বরী দেবীর সঙ্গে কথা বলতেন তখনই তিনি সাতঘড়া গঙ্গাজলে স্নান করতেন।

পরবর্তীকালে সাময়িক পত্রগুলিতে স্ত্রী-শিক্ষা বিষয়ে লেখা শুরু হয়। বিদ্যাদর্শন (১৮৪২), তত্ত্ববোধিনী পত্রিকা (১৮৪৩-৫৫), বিবিধার্থ সংগ্রহ (১৮৫৪) প্রভৃতি পত্রিকায় এ বিষয়ে লেখা শুরু হয়। যে সব মাসিক পত্রিকাগুলি বাঙালি মেয়ের উন্নতিকল্পে সাহায্য করেছিল তার মধ্যে উল্লেখযোগ্য হল মাসিক পত্রিকা (১৮৫৪), বামাবোধিনী পত্রিকা (১৮৬৩), অবলাবান্ধব (১৮৬৯) ইত্যাদি। বহু বাধা সত্ত্বেও এ সময়ে শিক্ষা প্রসারের ফলস্বরূপ আমরা এই সময়ের মহিলা গ্রন্থকারদের পাই। কৈলাসবাসিনী দেবী, তাহেরননেসা, সৌদামিনী দেবী, মধুমিতা গাঙ্গুলী, কামিনীসুন্দরী প্রমুখরা সেই সময়ে স্ত্রী শিক্ষার সপক্ষে লেখেন। সেই সময়ে কৃষ্ণকামিনীকে মহিলা কবি হিসেবে পাওয়া যায়। তাঁর প্রথম কবিতা সংগ্রহ চিত্তবিলাসিনী প্রকাশিত হয় ১৮৫৬ সালে। ১৮৬০ সালে তিনি ‘দ্বিজতনয়া’ ছদ্মনামে গ্রন্থ প্রকাশ করেন। ১৮৬৬ থেকে ১৮৭১ এর মধ্যে তিনি দুটি নাটক ও একটি পাঠ্যপুস্তক প্রকাশ করেন।

পরবর্তী সময়ে দেখা গেল দীনবন্ধু মিত্রের নীলদর্পণের সুন্দরী নায়িকা সরলা লেখাপড়া জানা মেয়ে। লীলাবতী নাটকের লীলাবতীও শিক্ষিত ও আকর্ষণীয়। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ও উপেন্দ্রনাথ দাসের নাটকের নায়িকারাও শিক্ষিত ও থিয়েটার অনুরাগী। বঙ্কিমচন্দ্রের উপন্যাসের নায়িকারাও ছিলেন শিক্ষিত। সাহিত্য ও সাময়িক পত্রের প্রভাবে শিক্ষিত ব্যক্তির নিজেদের অজান্তেই স্ত্রীশিক্ষার আদর্শকে স্বীকার করে নেন।

স্ত্রী শিক্ষার এই আন্দোলন সত্ত্বেও তার প্রধান লক্ষ্য ও আদর্শ ছিল উপযুক্ত স্বামী লাভের জন্য মেয়েদের প্রস্তুত করা। অর্থাৎ উপায় বদলে গেলেও ভাবনার পরিবর্তন হয়নি। রোকেয়া সাখাওয়াৎ হোসেন তাঁর ‘অন্ধাঙ্গী’ প্রবন্ধে এই একই অবস্থার পরিচয় দিয়েছেন। ভারতী পত্রিকায় জ্ঞানদানন্দিনী দেবীর ‘স্ত্রী শিক্ষা’ (১২৮৮) নামক লেখায় একই বক্তব্য পাওয়া যায়। প্রিয়ম্বদা দেবীর অন্তঃপুর পত্রিকায় স্ত্রী শিক্ষা নামক লেখাটিও একই ভাবনার পরিচায়ক।

স্বাভাবিক ভাবেই প্রশ্ন আসে স্ত্রী শিক্ষার এই আন্দোলন ও প্রসার কি বাঙালি মেয়ের স্বাধীনতা ও মুক্তির পথ প্রশস্ত করতে পেরেছিল? তৎকালীন লেখিকা নগেন্দ্রবালা মুস্তাফি লেখেন, বাঙালি মহিলাদের অবস্থা ‘পিঞ্জরাবদ্ধ পাখি’র মত। বাঙালি মেয়েদের শিক্ষা প্রসারের আন্দোলন শুরু হওয়া সত্ত্বেও তাদের অবরোধ প্রথা দূর হতে আরও অনেক অনেক সময় লেগেছিল। রাসসুন্দরী দেবী তাঁর আত্মজীবনীতে বর্ণনা দিয়েছেন যে বারো বছর বয়সে বিবাহের অব্যবহিত পরে কিভাবে তিনি পর্দার আড়ালে বন্দী হন। জ্ঞানদানন্দিনী দেবীর আত্মজীবনী থেকে জানতে পারি যে সাত বছর বয়সে বিবাহের পরে তিনি সর্বক্ষণ নির্বাক থাকতেন। নীরদচন্দ্র চৌধুরী তাঁর আত্মজীবনীতে বর্ণনা দিয়েছেন যে, বিয়ের পর তাঁর মাকে নিয়ম করে পর্দাপ্রথা মেনে চলতে হত। রোকেয়া সাখাওয়াৎ হোসেন লিখেছেন তাঁর পাঁচ বছর বয়সে তাঁদের বাড়িতে আত্মীয়রা বেড়াতে এলে তাকে পর্দা মেনে চলার হুকুম দেওয়া হত। জোড়াসাঁকোর ঠাকুরবাড়িও এর ব্যতিক্রম ছিল না। অবরোধ প্রথাকে ঠেলে ফেলে যিনি বাঙালি মেয়ের মুক্তির পথ উন্মুক্ত করেছিলেন, তিনি এই ঠাকুরবাড়ির মেজ বউ জ্ঞানদানন্দিনী। তীক্ষ্ণ, জেদী, একরোখা মেজাজ ও অদম্য প্রাণপ্রাচুর্য নিয়ে তিনি বাঙালি মেয়ের এগিয়ে যাওয়ার পথের জগদ্দল পাথরটা ঠেলে সরিয়ে দিয়েছিলেন। আর এই কাজে তাঁর প্রধান সহায়ক ছিলেন তাঁর স্বামী, প্রথম ভারতীয় আই. সি. এস. অফিসার সত্যেন্দ্রনাথ ঠাকুর। সত্যেন্দ্রনাথ-জ্ঞানদানন্দিনীর অদম্য জেদের কাছে ঠাকুরবাড়ি ও সমাজের রক্ষণশীল অবরোধপ্রথার পরাজয় ঘটল। জ্ঞানদানন্দিনী প্রথম বাঙালি মেয়ে যে স্বামীর সঙ্গে স্বামীর কর্মস্থল মহারাজ্যে থাকতে গেলেন। বাঙালি মেয়ের পায়ের শিকল খুলে গেল। একটা খুললেই বোধহয় আলগা হয়ে যায় অন্য শিকলগুলি।

এই ভাবেই ছোটো পরিসরে হলেও দ্বিধা-দ্বন্দ্বৈর্দির্ঘ হয়েও পালটে যাচ্ছিল শহর কেন্দ্রিক মেয়েদের জীবন, যার প্রভাব পরবর্তীকালে বৃহত্তর বঙ্গজীবনেও পড়েছিল। এর কারণ হিসেবে উনিশ শতকীয় পরিবর্তনকে অস্বীকার করতে পারি না।

Micro Finance, A Prospective Device to Empower Women

Arundhati Bhattacharya

Assistant Professor, Dept. of Economics

'Empowerment' is defined as a person's capacity to make effective choices and to transform choices into desired actions. Women's empowerment encompasses some unique additional elements:

- ◆ Women are not just a group among several disempowered subsets of society (the poor, minorities etc.); they are a cross-cutting category of individuals that overlaps with all these other groups.
- ◆ The household and interfamilial relations are central locus of women's empowerment in a way that is not true for other disadvantaged groups, indicating that efforts at empowering women must be especially cognizant of the implications of broader policy actions at the household level.
- ◆ Women's empowerment requires systematic transformation in not just any institution, but fundamentally in those supporting patriarchal structures.

Smilatha Batiwala defines women's empowerment as '*control over material assets, intellectual resources and ideology*'.

One of the widely accepted means to women's empowerment consists of helping the women folk improve their economic status while, at the same time, gaining more control over that status. It necessitates women to gain the earning status. Despite lacking sufficiency, it is the only way by which women can improve their position.

A study by Nancy Qain in China found that increase in share of female income had a large immediate positive effect on the survival rates of girls and increased education for all children. Conversely, rise in the share of male income reduced survival rates and educational attainment of girls.

During the 1980s, two main schools of thought existed, concerning the 'maternal dilemma' between a woman's productive and reproductive roles. The '*women-in-development*' school sought to enhance women's income earning capacity and de-emphasise child care, while proponents of the '*child welfare*' school tended to view women as instruments to produce healthy children and downplayed their need to work. In recent times, efforts are made to build bridge between these two schools, leading to policy recommendations aimed at improving both the status of women and the welfare of children.

A well-accepted ways to bridge this gap is by means of provision of micro finance services (credit, savings, insurance and pensions) and increasing women's access to these services. The Regulatory Framework for Microfinance has defined microfinance as "Provision of thrift, credit and other financial services and products of very small amounts to the poor in rural,


semi-urban or urban areas for enabling them to raise their income levels and improve living standards”. These lead to :

(i) economic empowerment : women’s access to savings and credit renders them a greater economic role in decision-making through their decisions about savings and credit. This will enable them to set up micro-enterprises (by increasing incomes under their control) and to optimize their own and households’ welfare, in their own accord.

(ii) increased well-being : access to savings and credit facilities and women’s decision about what is to be done with savings and credit strengthen their say in economic decisions of the household (as their contribution to household becomes greater). This enables women to increase expenditure on their own and children’s well-being. Women’s control over decision-making prevents leakage of household income to unproductive and harmful (mainly done by husbands) means.

(iii) social and political empowerment : women’s increased economic activity and control over income resulting from access to micro finance improve their skills, mobility, access to knowledge and support networks and enhance their status within the community. These changes are expected to be reinforced by group formation, leading to wider movement for social and political change.

The diverse role of micro finance in empowering women and the entire community as well is illustrated by the following diagram:



The benefits of increased economic participation of women can be cited in the remarkable success of the Grameen Bank in Bangladesh, the micro credit movement led by Muhammad Yunus, who provided the rural women borrowers access to credit. Breaking the myth of non-repayment of loans taken by rural people, this bank recorded a very high rate of repayment (98%).

If not handled efficiently, even such a noble initiative may bear no fruits.

- ❖ To repay loans, women may be forced to cut their own, already inadequate expenditure on food and health for savings, spending little on themselves and discriminating against daughters.
- ❖ Micro finance programmes may increase tensions within the households as men withdraw their own incomes and / or women struggle to retain control over their own earnings. This may result in domestic violence, divorce and abandonment.
- ❖ In cases of micro finance programmes, time spent on savings and credit meetings automatically reduce women's allotted time for other social commitments and political activities. It may raise conflicts between men and women, contributing little to the latter's social and political empowerment, if adequate mechanism is not present to support them.
- ❖ High repayment levels (in case of micro finance) by women do not necessarily mean that they have used loans themselves. Women may choose to invest loans taken according to priorities of families' male members.

Despite some limitations owing to its improper execution, micro finance, as a powerful instrument to empower rural poor women folk and promote their well-being is an emerging subject of discussion.

Ceremoniously 'Observed'



Bidding Adieu with Best Wishes





SPORTS do not build character, they reveal it





Deeply founded with Dual 'N' : Nature and Nutrition



Where 'STARS' descend



Sister Nivedita and Sister Christine : The Mighty and the Docile Disciples of Swami Vivekananda

Upala Saha

Assistant Professor, Dept. of Botany

Two women stepped into our motherland on the beckoning Swami Vivekananda; Sister Nivedita and Sister Christine. The more famous of the two, Margaret Elizabeth Nobel, popularly known as Sister Nivedita, was an Irish lady born on 28th October, 1867 and had devoted her entire life in educating the women of Bengal. Besides, she was a social worker, a researcher and an active participant in the Indian freedom struggle. Her zeal for literacy led her to setting up a Girls' school in Bagbazar wherein women of all ages, strata and domains would rid themselves of the darkness of superstitions and enlighten their souls.

Somewhat less popular, a shy and reclusive Christina Greenstidel or Sister Christine was born in Nuremberg, Germany on 17th September, 1866. An introvert by nature, she was equally bent upon education and enlightenment of Indian women. Wherein Sister Nivedita met Swamiji at Chicago in a homely meet, Sister Christian heard his speech at Detroit, Michigan, where she had moved with her family at the age of three. On 24 February 1894, Christine attended this lecture by Vivekananda and she was so impressed that she attended many more of his lectures and became an admirer and follower. She later recounted her experience of that first lecture:

“Never have I heard such a voice, so flexible, so sonorous. It was the voice of God to me! That range of emotion, that silvery music— I have never heard in any other. It was sheermusic. It was the mind that made the first great appeal, that amazing mind! What can one say that will give even a faint idea of its majesty, its splendour? It was a mind so far transcending other minds, even of those who rank as geniuses... Its ideas were so clear, so powerful, so transcendental that it seemed incredible that they could have emanated from the intellect of a limited human being.”

Sister Christine started loving India after attending Vivekananda's lectures; soon this love compelled her to leave her home and country for the call of humanity, as was the case with Sister Nivedita. Some of Swamiji's scholars including Sister Gargi and Pravrajika Vrajaprana, believed that Vivekananda regarded Christine as his daughter. He had blessed her in a letter saying “Mother knows best. I dedicate you to her forever. What more can I do? This is the highest, the best, and loveliest.”

On 7 April 1902, Christine arrived in Kolkata and joined Sister Nivedita in her endeavour; both were selflessly dedicated to the cause of women's upliftment. Had it not been for the immense support and assistance of Sister Christine, the massive drive taken by Sister Nivedita would probably not have reached the epitome of success. Christine was entrusted with all the responsibilities of Ramkrishna Sarada Mission Sister Nivedita Girls' School and she did nurture the school like her own child.

In “A Portrait of Sister Christine” written by Pravrajika Vrajaprana, she recalls... ‘Swami

Vivekananda said about Christine, “She is pure, pure in soul. I knew it, I felt it. I must have her for my work in Calcutta.” Christine did come and work in Calcutta. Those who knew her were struck by her purity. They also talk of the sweetness of her character. From the first moment she met Swami Vivekananda she became his devoted follower. 'Swami Vivekananda was mesmerized by her sacrifice, endurance and serenity.

Sister Christine preached the ideology of Swami Vivekananda and sermonized on the vivid facets of Indian history, lifestyle, religion and philosophy in the United States. In her 'REMINISCENCES OF SWAMI VIVEKANANDA' Sister Christine wrote....

“Now and then, at long intervals of time, a being finds his way to this planet who is unquestionably a wanderer from another sphere; who brings with him to this sorrowful world some of the glory, the power, the radiance of the far distant region from which he came. He walks among men, but he is not at home here. He is a pilgrim, a stranger, he carries but a night.

He shares the life of those about him, enters into their joys and sorrows, rejoices with them, mourns with them, but through it all, he never forgets who he is, whence he came, or what the purpose of his coming. He never forgets his divinity. He remembers that he is the great, the glorious, the majestic Self. He knows that he came from that ineffable, supernal region which has no need of the sun or moon, for it is illumined by the Light of lights. He knows that he *was*, long before the time when ‘all the sons of God sang together for joy’.

Such a one, I have seen, I have heard, I have revered. At his feet I have laid my soul’s devotion.

Such a being is beyond all comparison, for he transcends all ordinary standards and ideals. Others may be brilliant, his mind is luminous, for he had the power to put himself into immediate contact with the source of all knowledge. He is no longer limited to the slow processes to which ordinary human beings are confined. Others may be great, they are great only as compared with those in their own class. Others may be good, powerful, gifted, having more of goodness, more of power, more of genius than their fellowmen. It is only a matter of comparison. A saint is more holy, more pure, more single-minded than ordinary men. But with Swami Vivekananda, there could be no comparison. He was in a class by himself. He belonged to another order. He was not of this world. He was a radiant being who had descended from another, a higher sphere for a definite purpose. One might have known that he would not stay long.

Is it to be wondered at that nature itself rejoices in such a birth, that the heavens open and angels sing paeans of praise?

Blessed is the country in which he was born, blessed are they who lived on this earth at the same time, and blessed, thrice blessed are the few who sat his feet.”

Both Sister Nivedita and Sister Christine were devotees of Sarada Devi; their love and respect for the Mother was unparalleled. Nonetheless, the two foreigners had striking attributes that marked their differences. Whereas Sister Nivedita was a strong personality with vigor, rage and toughness, Sister Christine was soft, gentle, mild spoken and extremely kind hearted with a motherly affection that made her more of a “friend” than a “guru” to her students. She was as much in favour of Indian independence as Sister Nivedita but much less

assertive and extroverted. Nevertheless, these two women had taken the same initiative to empower Indian women and had put all their efforts in reforming the society for the betterment of women.

Sister Nivedita and Sister Christine, two women who bridged the West with the East; influencing the oriental society with their positive thoughts and empowering women with their hard work and unputdownable dedication that calls for the sincerest acknowledgement.



Sister Nivedita, Mrs. Sevier, Sister Christine and Smt. Abala Basu



স্বামীজীর ব্যবহারিক বেদান্ত

মৌমিতা দে
অধ্যাপিকা, দর্শন বিভাগ

সর্বকালের যুবসমাজকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে স্বামীজীর বাণী ও শিক্ষা অপরিহার্যভাবে ফলদায়ক। এ জন্য Students Magazine-র প্রবন্ধের বিষয় হিসাবে বেছে নিলাম স্বামীজীর ব্যবহারিক বেদান্তকে। এখানে প্রথমেই প্রশ্ন আসবে বেদান্ত বলতে কি বোঝায়? বেদ + অন্ত = বেদান্ত। বেদান্ত শব্দের আভিধানিক অর্থ হল যা বেদের অন্তে প্রাপ্য অর্থাৎ বেদ যাতে পরিণত। বেদান্ত বলতে সাধারণতঃ উপনিষদ, গীতা, ব্রহ্মসূত্র এবং তাদের ভাষ্য টীকা ইত্যাদি গ্রন্থকে বোঝালেও প্রকৃত অর্থে উপনিষদই হল বেদান্ত। বিভিন্ন উপনিষদেই এর প্রমাণ পাওয়া যায়। যেমন, শ্বেতাস্বতর উপনিষদে বলা হয়েছে —

বেদান্তে পরমং গুহ্যং পুরাকল্পে প্রচোদিতম্।
না প্রশাস্তায় দাতব্যং নাপুত্রায় শিষ্যায় বা পুনঃ ॥

— বেদান্তে পরমপুরুষার্থরূপ অতি গুহ্য তত্ত্ব পূর্বকল্পে উপদিষ্ট হয়েছে। যে শাস্ত্র নয়, পুত্র বা শিষ্য নয়, তাকে এই তত্ত্ব দান করা যাবে না। এখানে বেদান্ত অর্থে স্পষ্টতঃই উপনিষদ সমূহকে বোঝাচ্ছে। মুণ্ডকোপনিষদে বলা হয়েছে — “বেদান্ত ও উপনিষদ অভিন্ন” সূত্রাং, উপনিষদের ঋষির কথায় আমরা উপনিষদকেই বেদান্ত বলব। পণ্ডিত সমাজে ব্রহ্মসূত্রকেও বেদান্ত বলা হয় কেননা উপনিষদের তত্ত্ব এতে বিধৃত হয়েছে। এই ব্রহ্মসূত্রের অপর নামগুলি হল বেদান্ত মীমাংসা, বেদান্ত সূত্র, ব্যাসসূত্র, বাদরায়ণ সূত্র, শারীরক সূত্র, উত্তরমীমাংসা ইত্যাদি। এই গ্রন্থগুলিকে যথার্থ অর্থে বেদান্ত বলা যায় না কারণ এরা উপনিষদের মত শ্রুতি নয়, তবে ঋষিপ্রণীত বলে শ্রদ্ধেয়, তাই এগুলিকে এবং এর ভাষ্যসমূহকে আমরা বেদান্ত শাস্ত্র বলতে পারি। স্বামী বিবেকানন্দের মতবাদও যেহেতু উপনিষদনির্ভর তাই তা বেদান্ত তত্ত্বের প্রতিপাদক। উপনিষদে বলা হয়েছে —

“তে প্রাপ্নুবস্তি মামেব সর্বভূতহিতে রতাঃ।”

— যাঁরা সকল প্রাণীর কল্যাণে নিযুক্ত তাঁরা আমাকেই (পরম ব্রহ্ম) প্রাপ্ত হন। আর সর্বভূতে সমগ্র জীবকুলকে ব্রহ্মজ্ঞানে পূজা, ব্রহ্মজ্ঞানে সেবা — স্বামীজীর দর্শনের মূল বক্তব্য —

“ব্রহ্ম হতে কীট পরমাণু, সর্বভূতে সেই প্রেমময়,
মন প্রাণ শরীর অর্পণ কর সখে, এ সবার পায়।
বহু রূপে সন্মুখে তোমার, ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর?
জীবে প্রেম করে যেই জন সেইজন সেবিছে ঈশ্বর।”

— স্বামী বিবেকানন্দ।

স্বামীজীর বেদান্তকে ‘নববেদান্ত’ (Neo-Vedanta) অথবা ‘ব্যবহারিক বেদান্ত’ (Practical Vedanta) বলা হয়। ‘নব’ শব্দটি সাধারণতঃ দুটি ভিন্ন অর্থে ব্যবহৃত হয়ে থাকে। প্রথমতঃ নব শব্দটি ‘অপূর্ব’ অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ যা পূর্বে ছিল না বর্তমানে আবির্ভূত হয়েছে। যেমন, নবজাতক। দ্বিতীয়তঃ, নব শব্দটি পুনর্নির্মাণ অর্থেও ব্যবহৃত হয়।

যেমন, ঝাড়ে বাড়িটির খোড়ো চাল উড়ে গিয়েছিল পুনর্নির্মাণ করায় তা নবরূপ পেল। স্বামীজীর ‘নব বেদান্ত’ এই দ্বিতীয় অর্থেই নব। প্রাচীন ভারতে যে বেদান্ত তত্ত্ব প্রচারিত ছিল, কালক্রমে নানা আচার-বিচার, কু-সংস্কারের পঙ্কিলতা তার স্রোতপথ রুদ্ধ করে তাকে স্থবির তত্ত্বে পরিণত করেছিল। স্বামীজীর আবির্ভাবের ফলে তাতে নবজীবনের সঞ্চার হল। স্বামীজীর বেদান্তকে আবার ব্যবহারিক বেদান্তও বলা হয়, কেননা স্বামীজী বেদান্তের মূল সূত্র মানুষের ব্যবহারিক জীবনে, মানুষের দৈনন্দিন জীবনে প্রয়োগের মাধ্যমে সমাজ সংস্কারের এবং সমাজ কল্যাণের কথা বলেন।

বেদান্তের মূল প্রতিপাদ্য হল “ব্রহ্মসত্য; জগৎ মিথ্যা”।

উত্তর গীতায় বলা হয়েছে :

“শ্লোকার্ধেন প্রবক্ষ্যামি যদুক্তং গ্রন্থকোটিভিঃ

ব্রহ্মসত্যং জগন্মিথ্যা জীবো ব্রহ্মৈব নাপরঃ”।।

— অর্থাৎ অসংখ্য গ্রন্থে যে বেদান্ত তত্ত্ব বলা হয়েছে, তা আমি (ভগবান) অর্ধেক শ্লোকে বলছি— ব্রহ্মই সত্য, জগৎ মিথ্যা এবং জীব ব্রহ্ম থেকে অভিন্ন। বেদান্তে এই এক ও অদ্বিতীয় ব্রহ্মকেই আত্মা বলা হয়। স্বামীজীর মতেও পরম তত্ত্ব সর্বদা এক, তা কখনও দুইটি হতে পারে না। স্বামীজীর ভাষায়, “অনন্ত কখনও দুইটি হইতে পারে না। যদি আত্মা অনন্ত হয়, তবে একটিমাত্র আত্মাই থাকিতে পারে, আর এই যে অনেক আত্মা বলিয়া বিভিন্ন ধারণা রহিয়াছে— তোমার এক আত্মা— আমার এক আত্মা— ইহা সত্য নহে।”^৩ এখন প্রশ্ন হল এই ধরাধামে প্রাণ তো অসংখ্য বিচিত্র। একই আত্মার এত বিচিত্র প্রকাশ হয় কিভাবে? এর উত্তরে স্বামীজী বলেন, “যেমন সূর্য লক্ষ লক্ষ জলকণার উপরে প্রতিবিস্তৃত হইয়া প্রত্যেক জলকণার উপরেই সূর্যের একটি পূর্ণ প্রতিকৃতি সৃষ্টি করে, তেমনই সেই এক আত্মা সেই এক সত্তা অসংখ্য নামরূপের বিন্দুতে প্রতিবিস্তৃত হইয়া নানারূপে উপলব্ধ হইতেছেন। কিন্তু স্বরূপতঃ উহা এক, বাস্তবিক ‘আমি’ বা ‘তুমি’ বলিয়া কিছু নাই সবই এক। দ্বৈতজ্ঞান সম্পূর্ণ মিথ্যা..... একটি বস্তুই আছে..... সে নিজেই এই অনন্ত ব্রহ্মাণ্ডস্বরূপ।”^৪ “বিচারজ্ঞানের উদয় হইলে মানুষ দেখিতে পায় দুইটি বস্তু নাই, একটি বস্তুই আছে, তখন তাহার উপলব্ধি হয়— সে নিজেই এই অনন্ত ব্রহ্মাণ্ডস্বরূপ। আমি এই পরিবর্তনশীল জগৎ, আমি আবার অপরিণামী, নিঃশূণ, নিত্যপূর্ণ, নিত্যানন্দময়।”^৫ এখন দ্বৈতমাত্রই মিথ্যা এটি কি করে প্রমাণিত হয়? এর উত্তরে স্বামীজী একটি দৃষ্টান্তের উল্লেখ করেছেন। “আকৃতিই তরঙ্গকে সমুদ্র হইতে পৃথক করিয়াছে। মনে কর, তরঙ্গটি মিলাইয়া গেল, তখন কি ঐ আকৃতি থাকিবে? উহা একেবারে চলিয়া যাইবে। তরঙ্গের অস্তিত্ব সম্পূর্ণরূপে সাগরের অস্তিত্বের উপর নির্ভর করে কিন্তু সাগরের অস্তিত্ব তরঙ্গের অস্তিত্বের উপর নির্ভর করে না।”^৬

এখন প্রশ্ন হল যে, তত্ত্বে মুখ্য প্রতিপাদ্য ‘ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা’ সেই তত্ত্বের ব্যবহারিক দিক কি করে থাকতে পারে? ব্যবহারিক জগতের পরিপ্রেক্ষিতে দৈনন্দিন কর্মমুখরতার জীবনে এই বেদান্তের প্রয়োগ করা যায় কিভাবে? জগৎ মিথ্যা এপ্রকার জ্ঞান যার পাথেয়, কর্মত্যাগই তার উদ্দেশ্য হওয়া উচিত। জগৎ মিথ্যা এই জ্ঞান লাভ করার পর আর কোন কর্মপ্রেরণা থাকে না, — আর আমাদের সাধারণ ধারণা বলে যে, ব্রহ্মজ্ঞান লাভ করার উদ্দেশ্যে, ব্রহ্মের সাথে ঐক্য লাভের ইচ্ছায় নিশ্চিহ্ন সাধনা অবশ্য প্রয়োজন : দৈনন্দিন কর্মে ব্যাপৃত থেকে কিভাবে ব্রহ্মজ্ঞান লাভ করা যাবে? অথচ স্বামী বিবেকানন্দ তাঁর বেদান্ত ব্যাখ্যার এই ব্যবহারিক দিকটির প্রতি অধিক গুরুত্ব দেন, দৈনন্দিন কর্মমুখরতার জীবনেই ব্রহ্মের যথার্থস্বরূপ উপলব্ধি হয় বলে দাবি করেন— এটিই তাঁর ব্যাখ্যার নতুনত্ব। ১৮৯৬

খ্রীষ্টাব্দে লণ্ডনে ‘ব্যবহারিক বেদান্ত’ সংক্রান্ত বক্তৃতায় স্বামীজী বলেন : “..... no theory is of any value whatever, except as intellectual gymnastics. The Vedanta therefore as a religion must be intensely practical. We must be carry it out in every part of our lives for the Vedanta teaches oneness— one life throughout. The ideals of religion must cover the whole field of life, they must enter into all our thoughts and more and more into practice.”^৬

স্বামীজী বলেন, ব্রহ্মজ্ঞান লাভের জন্য বনে গিয়ে সন্ন্যাসীর জীবনযাপনের প্রয়োজনীয়তা নেই। তিনি এ প্রসঙ্গে আরুণি এবং তাঁর পুত্র শ্বেতকেতুর উদাহরণ দিয়ে দেখান কিভাবে তাঁরা ব্রহ্মজ্ঞান লাভের আশায় পাঞ্চগলরাজ প্রবাহন জৈবালীর শিষ্যত্ব গ্রহণ করেন। স্বামীজীর ভাষায়, “In various Upanishads we find that this Vedanta Philosophy is not the outcome of meditation in the forest only, but that the very best parts of it were thoughtout and expressed by brains which were busiest in the every day affairs of life. We cannot conceive any man busier than an absolute monarch, a man who is ruling over millions of people, and yet, some of these rulers were deep thinkers”.^৭ এ জন্যই স্বামীজী বলেন, গীতা পড়া অপেক্ষা ফুটবল খেললে অনেক শীঘ্র ব্রহ্মজ্ঞান লাভ হয়। স্বামীজী সত্যকামের উদাহরণ দিয়ে দেখান কিভাবে সত্যকাম দৈনন্দিন কার্য করতে করতে ব্রহ্মজ্ঞান লাভ করেন। ‘ছানোগ্য’ উপনিষদে সত্যকাম জাবাল গরু চড়াতে গিয়ে ‘সর্বংখলিৎ ব্রহ্মে’র সাক্ষাৎ পান। “বৃষ তাঁকে উপদেশ দেয়, পূর্বদিক ব্রহ্মের এক অংশ, পশ্চিম দিক এক অংশ, উত্তর দিক এক অংশ, দক্ষিণ দিক এক অংশ, হে সোম্য, এটিই ব্রহ্মের ‘প্রকাশবান্’ নামক চারকলা বিশিষ্ট এক চতুর্থাংশ। অগ্নি তাঁকে উপদেশ দেন, পৃথিবী এক অংশ, অন্তরীক্ষ এক অংশ, দ্যুলোক এক অংশ, সমুদ্র এক অংশ। হে সোম্য, এটিই ব্রহ্মের ‘অনন্তবান্’ নামক চতুষ্কল এক চতুর্থাংশ। হংস তাঁকে উপদেশ দেয়, অগ্নি এক অংশ, সূর্য এক অংশ, চন্দ্র এক অংশ, বিদ্যুৎ এক অংশ। হে সোম্য, এটিই ব্রহ্মের ‘জ্যোতিষ্মান্’ নামক এক চতুর্থাংশ। মদগু তাঁকে উপদেশ দিলেন প্রাণ এক অংশ, চক্ষু এক অংশ, শ্রোত্র এক অংশ, মন এক অংশ। হে সোম্য এটিই ব্রহ্মের ‘আয়তনবান্’ নামক চতুষ্কল এক চতুর্থাংশ।”^৮ এরূপ কর্মময় বেদান্ত সম্পর্কে Romain Ronald লেখেন, “Religion is never acomplished. It is ceaseless action and the will to strive – the out pouring of a spring, never a stagnant pond.”^৯

এখন প্রশ্ন হল মুমুক্শু ব্যক্তি যদি এরূপ অবগত হন যে, ব্রহ্মই একমাত্র সৎ আর সব মিথ্যা তাহলে তাঁর কর্মপ্রেরণা আসবে কি করে? সমস্ত কামনা-বাসনা ত্যাগ করে কি কর্ম করা যায়? স্বামীজীর উত্তর হল হ্যাঁ, যত আমরা কামনা-বাসনার দাসত্ব করব ততই আমরা শক্তির অপচয় করব, স্নায়ুতন্ত্রের এবং মনের কাজের ব্যাঘাত ঘটবে আর খুব অল্প পরিমাণ কর্ম করে উঠতে পারব। কিন্তু যত আমাদের কামনা-বাসনা কমে আসবে ততই আমরা বেশি পরিমাণে কার্য করতে পারব। (“The less passion there is the better we work”^{১০}). “It is only when the mind is calm and collected that the whole of its energy is spent in doing good work”^{১১}

এখন আমরা যদি দৈনন্দিন কর্মমুখর জীবনে প্রতিনিয়ত ব্যস্তই থাকি তাহলে স্বামীজী যে শাস্ত ও স্থির মনের কথা বলেছেন, সেই শাস্তি বা স্থৈর্য্য কোথায় পাব? এর উত্তরে স্বামীজী মহাভারতের অর্জুনের দৃষ্টান্তের উল্লেখ করে বলেন, অর্জুন যদি তাঁর কুরুক্ষেত্রের মত ব্যস্ততম যুদ্ধক্ষেত্রে, এক বিশাল সৈন্যবাহিনীকে পরিচালনা করতে করতে, যুদ্ধের শারীরিক এবং মানসিক যন্ত্রণার মধ্যে সর্বোচ্চ দার্শনিক তত্ত্বকে উপলব্ধি এবং নিজ জীবনের ওপর প্রয়োগ করতে পারেন, তাহলে আমরা কেন পারব না? আমরা কেউই তাঁর সমতুল্য ব্যস্ত নই। আমাদের জীবনযাত্রা অর্জুন অপেক্ষা

অনেক সহজ এবং সুখের তাই আমাদের কাছে এ কাজ কখনই কঠিন নয়। আমাদের শুধু প্রত্যেক মুহূর্তে প্রত্যেকটি কাজের মধ্যে বিবেক (discrimination) জ্ঞান প্রয়োগ করতে হবে যাতে আমরা ঠিক এবং ভুল; সত্য এবং মিথ্যাকে পৃথক করতে পারি। আমাদের জানতে হবে যে, যা কিছু সত্য তাই শুদ্ধ, তাই এক। একত্বের জন্য যা কিছু করা হয় তাই সত্য। প্রেম সত্য ঘৃণা মিথ্যা। ঘৃণার সৃষ্টি হয়েছে বিচ্ছিন্নকরণের জন্য, তা মানুষকে মানুষের থেকে দূর করে— তাই তা মিথ্যা। প্রেম সত্য যা সকলকে ঐক্যের বন্ধনে বাঁধে। প্রেম-সর্বজীবে প্রেম যার দ্বারা একত্ববুদ্ধি লব্ধ হয়, এই প্রেমবন্ধনেই মা সন্তানের সাথে, পরিবার নগরের সাথে, এবং এই বিশ্বব্রহ্মাণ্ড তার জীবকুলের সাথে একত্ব অনুভব করে। এই প্রেমই হল সত্তা, ঈশ্বরস্বরূপ, সকল কিছুই এই প্রেমময় সত্তার প্রকাশ তবে প্রকাশের মাত্রা কোথাও একটু বেশি, কোথাও একটু কম।

জগতের বহুত্ব আসলে একেরই প্রকাশ। তিনি নিজেকে বহুরূপে প্রকাশ করেন, — কখনও জড়রূপে কখনও মনরূপে আবার কখনও চিন্তনরূপে। এই জগতের যে কোন প্রাণী সেই একই আত্মার প্রকাশ। “Oneness includes all animals. If man’s life is immortal, so also is the animals. The difference is only in degree and not in kind. The amoeba and I are the same,..... from the stand point of highest life, all these differences vanish.”^১ সূত্রাং মানুষে মানুষে ভেদ নয়, প্রত্যেক মানুষের প্রতি সম আচরণই বেদান্তের প্রকৃত শিক্ষা। নারী-পুরুষ, পাপাত্মা, পুণ্যাচাররূপ কোন ভেদ স্বীকার করা যায় না, কোন মানুষকে অস্পৃশ্য বা অচ্ছুৎ বলে দূরে ঠেলে দেওয়া যায় না। তাই তিনি উদাত্ত কণ্ঠে ঘোষণা করেন, ‘দরিদ্র ভারতবাসী, মুর্খ ভারতবাসী, চণ্ডাল ভারতবাসী আমার রক্ত, আমার ভাই!’ ‘ভাই’ শব্দটি পুংলিঙ্গ বোধক হলেও স্বামীজী এখানে একই আত্মার আত্মীয় বোঝাতে শব্দটি প্রয়োগ করেছেন। শুধু মানুষে নয়, প্রতিটি জীবই হল আমাদের ভাই কেননা, প্রত্যেকেই আমরা একই আত্মার বহিঃপ্রকাশ। তাই, প্রতিটি জীবের প্রতি প্রেম এবং প্রতিটি জীবের সেবাই পরম ধর্ম। পরোপকারই ধর্ম; পরপীড়ন অধর্ম। পরিস্থিতি বিশেষে যদি প্রাণী-মাংস ভক্ষণও করতে হয় তখনও যেন এ চিন্তা সর্বদা মাথায় থাকে যে, আমার আদর্শ হল মাংস ভক্ষণ না করা, অন্য প্রাণীকে আঘাত না করা, আমি যা করছি, তা ভুল। স্বামীজী আরও বলেন, এটি হয়ত অনেক মানুষের কাছে অস্বাভাবিক লাগবে, কেননা, এটা মানুষকে তার গতানুগতিক বাস্তব পরিস্থিতির কথা শোনায় না, তার বর্তমান স্তর থেকে উচ্চতর স্তরে গিয়ে ভাবতে বলে। আর মানুষের একটি স্বাভাবিক ধর্ম হল জড়তা, সে তার নিজের বর্তমান স্তর থেকে নড়তে চায় না, উপর দিকে তাকাতে চায় না। কিন্তু আমাদের মনে রাখতে হবে, আমরা হচ্ছি সর্বশক্তিমান। আমরা চাইলেই সবকিছু করতে পারি, কেননা, আমরা সর্বশক্তিমান, সর্বব্যাপী ব্রহ্মস্বরূপ। নিজেদের দুর্বল ভাবা ভুল, অপরাধ, আমাদের মধ্যেই নিহিত আছে সকল ক্ষমতা। নিজের আত্মশক্তিতে অবিশ্বাসই নাস্তিত্ব, যে নিজেকে দুর্বল ভাবে, নিজের আত্মশক্তির ওপর বিশ্বাস রাখে না সেই নাস্তিক।

স্বামীজী দৃপ্ত কণ্ঠে ঘোষণা করেন, বেদান্ত কোন পাপের কথা বলে না শুধু ভুলের কথা বলে আর বেদান্ত মতে সবচেয়ে ভুল নিজেকে এবং অন্যকে দুর্বল বলে মনে করা। কোন মানুষই শুদ্ধ থেকে শুদ্ধতর হয় না পার্থক্য হয় শুধু প্রকাশমানতার দিক থেকে — কারও মধ্যে পরমব্রহ্মের প্রকাশ অতি সমুজ্জ্বল, কারও মধ্যে অস্পষ্ট — মানুষ শুধু সেই কম প্রকাশমানতা থেকে বেশি প্রকাশমানতার দিকে এগিয়ে চলে। “The veil drops away and the native purity of the soul begins to manifest itself.”^২ বেদান্তের আদর্শ হল ‘অহং ব্রহ্মাস্মি’ আমিই সেই ব্রহ্ম, যা কেবল ব্যবহারিক সত্য শুধু নয় এটিই প্রতিটি মানুষের নিজ প্রকৃতি (own nature) “..... Vedanta insists that it can be realised by everyone. There is neither man nor woman or child, nor difference of race

or sex, nor anything that stands as a bar to the realisation of the ideal, because, Vedanta shows that it is realised already, it is already there”^{১০}

এ প্রসঙ্গে তাই স্বামী বিবেকানন্দ সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর বলেন, “আধুনিককালে ভারতবর্ষে বিবেকানন্দই একটি মহৎ বাণী প্রচার করেছিলেন, সেটি কোন আচারগত নয়। তিনি দেশের সকলকে ডেকে বলেছিলেন, তোমাদের সকলেরই মধ্যে ব্রহ্মের শক্তি, দরিদ্রের মধ্যে দেবতা তোমাদের সেবা চান। এই কথাটি যুবকদের চিত্তকে সমগ্রভাবে জাগিয়েছে। তাই এই বাণীর ফল দেশের সেবায় আজ বিচিত্রভাবে, বিচিত্রত্যাগে ফলেছে। তাঁর বাণী মানুষকে যখনই সম্মান দিয়েছে তখনই শক্তিও দিয়েছে। সেই শক্তির পথ কেবল এক বোঝা নয়, তা কোনও দৈহিক প্রক্রিয়ার পুনরাবৃত্তির মধ্যে পর্যবসিত নয় তা মানুষের প্রাণ-মনকে বিচিত্রভাবে প্রাণবান করেছে। বাংলাদেশের যুবকদের মধ্যে যেসব দুঃসাহসিক অধ্যবসায়ের পরিচয় পাই তার মূলে আছে সেই বাণী যা মানুষের আত্মাকে ডেকেছে, আঙ্গুলকে নয়।”

গ্রন্থ সূচী :

- ১। স্বামীজীর বাণী ও রচনা, উদ্বোধন কার্যালয়, কলকাতা, ১৩৮৪ বঙ্গাব্দ
- ২। চিন্তানায়ক বিবেকানন্দ, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, কলকাতা, ১৯৮৮
- ৩। Swamiji's speech on Practical Vedanta, London, 1896.
- ৪। *The life of Ramakrishna*, Eight edition, Roma Ronald, Advaita Ashrama, Calcutta, 1970.

ভাষাসুনামি এসেছে, নারীর মতো ভাষাও ধর্ষিতা হয়ে চলেছে, নিয়ত, প্রকাশ্যে বা গোপনে

তৃষ্ণা বসাক
সাহিত্যিক
(পুনর্মুদ্রিত)

‘ভাষাসুনামি আসছে।’ চারপাশে একবার সম্ভ্রস্ত চোখ বুলিয়ে গলা নামিয়ে কথাটা বলেছিলেন মণিপুরি ভদ্রলোক। কী জানি কেন একদম বেখাপ্লাভাবে মনে পড়ে গেছিল ‘পদিপিসির বর্মিবাক্সের’ অবিস্মরণীয় সেই লাইন, ‘চোপ ইডিয়ট। দেখছিস না চারিদিক থেকে অন্ধকারের মতন বিপদ ঘনিয়ে আসছে? রক্তলোলুপ নিশাচরেরা যাদের পিছু নিয়েছে তাদের কি নিজেদের মধ্যে ঝগড়া করা শোভা পায়?’ মুহূর্তের মধ্যে গা ছমছমে একটা পরিবেশ তৈরি হয়ে গেছিল ঐ একটি কথায়।

কেন এত বিপন্ন বোধ করেছিলেন ভদ্রলোক? আসলে এ বিপন্নতা তাঁর ভাষিক অস্তিত্বের বিপন্নতা। কিন্তু মণিপুরি তো বিপন্ন কোনও ভাষা নয়, অষ্টম তপসিলভুক্ত ২৪টি ভাষার অন্যতম মণিপুরি, তাতে গল্পগাছা করার, লেখার, সাহিত্য রচনা করার লোক যথেষ্ট। এ তো বিকিয়া ভাষা নয়, যে ভাষায় কথা বলেন ক্যামেরুনের উত্তর-পূর্বাঞ্চলের ফুরুবানার একটিমাত্র নারী। ভাষার ভুবনে কী ভীষণ নিঃসঙ্গ তিনি, তাঁর সামনে কী ভয়ঙ্কর ভবিষ্যত, যখন তাঁর মৃত্যুর সঙ্গে সঙ্গে বিলুপ্ত হয়ে যাবে বিকিয়া ভাষাটি, ত্রিভুবনে তার আর কোনও অস্তিত্বই থাকবে না। আমরা জানি পৃথিবীতে প্রতিদিনই এরকম বিলুপ্ত হয়ে যাচ্ছে কত ভাষা, কত ভাষা তিল তিল করে এগিয়ে যাচ্ছে বিলুপ্তির পথে। ক্ষমতাবানের ভাষার দাপটে ছটফট করছে আরও কত ভাষা। আর ভাষিক নিঃসঙ্গতা যখন স্বেচ্ছানির্বাচিত হয়? মনে পড়ে গেছিল সেই কিশোরীকে। স্কটল্যান্ডের স্কুল পড়ুয়া সেই কিশোরী, যাকে ক্লাস টিচার রচনা লিখে আনতে বলেছিলেন গরমের ছুটি কেমন কাটল— এই বিষয়ে। টিচারের কথা মোটেই অমান্য করেনি সেই মেয়ে, রচনা লিখে সে ঠিক সময়েই জমা দিয়েছিল, কিন্তু তা দেখে প্রায় জ্ঞান হারাতে বসেছিলেন তার টিচার। কারণ আগাগোড়া রচনাটিই এস. এম. এস. সংকেতে লিখে এনেছিল সেই মেয়েটি। টিচারের বিমূঢ় প্রশ্নের জবাবে সে বলেছিল মাতৃভাষার চেয়ে এই এস. এম. এসেই বেশি স্বচ্ছন্দবোধ করে সে। এ কথা এখন আর অস্বীকার করার উপায় নেই, এখন তরুণ প্রজন্মের অধিকাংশই যে দেশের বাসিন্দা তার নাম সাইবারস্পেস, সেখানে তারা সিটিজেন নয়, নেটিজেন। তাদের ই-মেল বাহিত ভাষার নাম ইমোটোকন বা স্মাইলি। এই ইমোটোকন বা স্মাইলি এবং এস. এম. এস তাদের মাতৃভাষার জায়গা নিয়ে নিলে খুব আশ্চর্য হবার কিছু নেই। এই বৈদ্যুতিন বিস্ফোরণের হামলায় ভাষা বিপন্ন হবে কিনা, হলেও সে ক্ষতির পরিণাম কতটুকু, তা একটি আলাদা ডিসকোর্স। আপাতত মণিপুরি ভাষার মূল সমস্যা কিন্তু তা নয়।

বাহন ছাড়া যেমন দেব-দেবীদের চেনা যায় না, ভাষাকে চেনার মান অভিজ্ঞান তেমনি লিপি। এই লিপি যেমন ভাষাকে লিখ্য, মুদ্রিত মাধ্যমে চলাচলের পথ সুগম করে তোলে, আবার অন্য ভাষাভাষীর প্রবেশের পথে পেয়াদার মতো সঙ্গিন উঁচিয়ে দাঁড়ায়, সেই পেয়াদাকে এড়িয়ে ভাষার বারদালান বা অন্দরমহলে ঢোকান জো নেই। কারণ মুখে মুখে, শুনে শুনে অচেনা কোনও ভাষার বেশ কাজ চালিয়ে নেওয়া যায়, তাতে মাছের বাজারে দরদস্তুর করা চলে, প্রেম নিবেদন করা যায়, কিংবা কাউকে আচ্ছা করে দু’কথা শুনিয়েও দেওয়া যায়, কিন্তু লিপি না জানলে লেখা যায় না, আর

পড়াও যায় না। ভারতের বিভিন্ন ভাষার লিপির ক্ষেত্রে কিছু অসুবিধে হয় না, কিন্তু ওড়িয়া লিপি আমাদের কাছে দুর্ভেদ্য বললেই হয়। এর ঠিক উল্টো ঘটনা ঘটেছে মণিপুরির ক্ষেত্রে। মণিপুরি ভাষার একবর্ণ বুঝতে না পারলেও, এর লিপি আমরা (অর্থ না বুঝেই অবশ্য) গড়গড় করে পড়ে যেতে পারব। কারণ মণিপুরি লেখা হয় বাংলা লিপিতে। অর্থাৎ ভাষা মণিপুরি কিন্তু লিপি বাংলা। বরাবর কিন্তু তা ছিল না।

মোটামুটি বলা যায় খ্রিস্টীয় অষ্টাদশ শতক থেকে মণিপুরি ভাষার বাহন হয়ে এল বাংলা। তার মূল কারণ মহারাজ ভাগ্যচন্দ্রের রাজত্বকালে গৌড়ীয় বৈষ্ণব ধর্মের প্রসার, যা বাংলা সংস্কৃতির সঙ্গে সঙ্গে বাংলা লিপিকেও আত্মীকরণ করল। বাংলা লিপির আরও রমরমা হল উনিশ শতকের শেষ দিকে, ব্রিটিশ রাজত্বকালে। ব্রিটিশের হাতে স্বাধীনতার সঙ্গে সঙ্গে নিজস্ব লিপির অধিকারও হারাল মণিপুর। সাহেবরা স্বচ্ছন্দ বোধ করল ইতিমধ্যেই পরিচিত বাংলা লিপির মাধ্যমে শাসনকাজ চালাতে। তা ছাড়া শ্রীরামপুর মিশনে বাংলা হরফের নির্মাণ নিশ্চয় এই উদ্যমে ইফন জুগিয়েছিল। যার ফলশ্রুতি হিসেবে এল বাংলা লিপি, পেছনে পড়ে গেল এযাবৎ প্রচলিত লিপি মৈতৈ। আর তার দু'শতকেরও পরে মণিপুর সরকারের ঘোষণা — মণিপুরে পুনঃপ্রবর্তিত হবে মৈতৈ, বাংলার বদলে। আর এখানেই ওই মণিপুরি ভদ্রলোকের বিপন্নতার শুরু।

এই মৈতৈ লিপির উৎস খুঁজে পেতে আমাদের একটু পুরাণ আর একটু ইতিহাসের দ্বারস্থ হতে হবে। রাধাকৃষ্ণের রাসনৃত্য দেখে পার্বতীর সাধ হয় তিনিও শিবের সঙ্গে ওইরকম যুগলে নাচবেন। কিন্তু তাগুবে অভ্যস্ত নটরাজের প্রলয়নাচন সহ্য করার ক্ষমতা কোন সমতলের আছে? তাই অনেক খুঁজে পেতে উত্তর-পূর্ব ভারতে, হিমালয়ের দক্ষিণে একটি জলাশয় পছন্দ করলেন মহাদেব। তাঁর ত্রিশূলের এক খোঁচায় নালা দিয়ে সব জল বেরিয়ে তৈরি হল বিশাল সমভূমি, কেবল একপাশে রইল একটি লেক। হরগৌরীর সেই নাচের মঞ্চ নাকি আজকের ইক্ষল (মণিপুরের রাজধানী), সেই লেকটি লাকতাক লেক। এই পুরাণ কথা আমাদের মনে করিয়ে দেয় মণিপুরের ইতিহাস বড় কম প্রাচীন নয়। আর মণিপুর নামটিও তো হালের। এর আদত নাম সনাপুং, মতান্তরে সুবর্ণভূ, যার মানে সোনার দেশ। যে দেশের জাতি, ভাষা ও লিপি মৈতৈ নামে পরিচিত। কেউ বলেন মৈতৈ মানে তাদের থেকে অর্থাৎ অন্যান্য পার্বত্য উপজাতি থেকে, আবার কারও মতে শব্দটি এসেছে মৈনা তৈরপ্লা থেকে যার মানে সূর্য থেকে অবতরণ।

কত পুরোনো এই লিপি? যে কোনও আধুনিক ভারতীয় ভাষার থেকে এই ভাষা ও লিপি প্রায় এক থেকে দেড় হাজারেরও বেশি পুরোনো এমন প্রমাণ আছে। প্রথমে এই লিপিতে অক্ষর সংখ্যা ছিল আঠেরটি, স্বরবর্ণ ছিল না। কেমন লেগেছিল মণিপুরিদের, যখন এত পুরোনো, এতকালের অভ্যস্ত একটি লিপিকে হঠিয়ে তাদের ভাষার বাহন করা হয়েছিল বাংলাকে? এ যেন বহুকালের চেনা রাস্তায় হাঁটতে গিয়ে একজন দেখলেন সব আমূল বদলে গেছে। ছোট বাড়ি ভেঙে বহুতল, দোকানের জায়গায় শপিং মল, মোড়ের যে দোকানটা থেকে সিগারেট কিনতেন তার জায়গায় একটা বাকবাকে মোবাইল কিয়স্ক। প্রতি পদে হোঁট খেয়ে, ঠিকানা খুঁজে না পেয়ে ফিরে আসতে হল অগত্যা। মৈতৈ থেকে বাংলা লিপিতে বদলের সময় ঠিক এগুলোই ঘটেছিল। তারও বেশি। কারণ লিপি বদলালে ব্যবহারিক সমস্যার চেয়ে বড় হয়ে ওঠে ভাষিক অস্তিত্বের সঙ্কটের প্রশ্ন। প্রখ্যাত দার্শনিক মার্টিন হাইডেগার যাকে বলেছিলেন যেখানে ভাষা সেখানেই কেবল বিশ্ব, অর্থাৎ ভাষার ভিত্তির ওপর অস্তিত্বের সমগ্র ধারণাটা দাঁড়িয়ে আছে। এবার অনুভব করা যাচ্ছে মণিপুরি ভদ্রলোকের আতঙ্কের চেহারাটা? তিনি সঠিকভাবেই আঁচ করতে পারছেন আবার লিপিবদলের আঘাত মণিপুরি ভাষাবিশ্বে কীভাবে নেমে আসবে, ক্রমে তা নেবে সুনামির চেহারা।

হঠাৎ লিপি বদলে গেলে কী হয়? মানে স্কুল, কলেজে, অফিস, আদালতে, লেখা ও প্রকাশনায়, টিভির সাবটাইটলে সামগ্রিক বদল হলে। প্রথমত পুরোনো লিপিতে অভ্যস্ত পুরোনো প্রজন্ম আক্ষরিক অর্থেই হয়ে যাবেন নির্জন দ্বীপবাসী, তাঁরা বর্তমান লিখিত লিপিতে পঠনপাঠনে অভ্যস্ত। তরুণ প্রজন্ম পুরোনো লিপিতে লেখা সাহিত্য পড়তে পারবে না, তারা শিকড় থেকে উৎখাত হবে অজান্তেই। যেখানে এখন প্রায় প্রতিটি ভারতীয় শিশুকে মাতৃভাষা ছাড়া ইংরেজি ও হিন্দি অক্ষর শিখতেই হয়, সেখানে তার ওপর তারই ভাষার পুরোনো লিপি চাপানো অসম্ভব ও অবাস্তব। তৃতীয়ত, পুরোনো লিপিতে লেখা বইপত্র ইত্যাদির বৈদ্যুতিন ডেটাবেস তৈরির বিপুল কাজ ঘাড়ে চাপবে। অথচ তা না করা গেলে, রাশি রাশি ছাপা বই বা পুঁথিকে সংরক্ষণ করা অত্যন্ত কঠিন, এবং গবেষক ছাড়া অন্য কারও কাছে তার মূল্যই বা কতটুকু?

এইরকম রাশি রাশি ধুলিধূসর বই আর পুঁথির দেখা পেয়েছিলাম ললিত নারায়ণ মিথিলা বিশ্ববিদ্যালয়ের (দ্বারভাঙা) লাইব্রেরিতে। মৈথিলী ভাষার পুঁথি, বই, কিন্তু এখন ওই লিপি প্রায় কেউই পড়তে জানেন না। বর্তমানে মৈথিলী ভাষা লেখা হয় দেবনগরী হরফে অর্থাৎ হিন্দিতে। আগে তা লেখা হত মিথিলাক্ষর বা তিরহুতিয়া লিপিতে, যা হঠাৎ দেখলে বাংলা বলে ভুল হতে পারে। এতটাই মিল। সেই লিপিকে সরিয়ে এল হিন্দি। কেন? অদ্ভুত সেই কাহিনি।

মৈথিলী রাজারা বরাবরই শিল্পসাহিত্যের পৃষ্ঠপোষকতা করে আসছেন, কিন্তু সংস্কৃতের ওপর তাঁদের পক্ষপাত। রাজদরবারে মৈথিলী চিরকালের উপেক্ষিত। যখন হাতে লেখা পুঁথির যুগ শেষ হয়ে ছাপাখানা এল, তখন প্রয়োজন হল তিরহুতিয়া বা মিথিলাক্ষরের ধাতব হরফ ঢালাই করার। কিন্তু সেই কাজ করার মতো কারিগরি পরিকাঠামো নাকি তৎকালীন মিথিলার ছিল না। তাই হাতের কাছে পাওয়া দেবনগরী হরফেই ছাপা হতে লাগল মৈথিলী। তিরহুতিয়া থেকে গেল প্রাচীন পুঁথিপত্রের হলদে হয়ে যাওয়া পাতার আড়ালে, কবে কে এসে ধুলো ঝেড়ে হাতে তুলে নেবে তার অপেক্ষায়। বৈদ্যুতিন ডেটাবেসে সংরক্ষণের অভাবে কত অমূল্য সম্পদ যে হারিয়ে যেতে বসেছে তার ঠিকঠিকানা নেই। তিরহুতিয়া লিপিতে অভ্যস্ত মৈথিলী পণ্ডিত মানুষরা বাংলা পড়তে পারতেন স্বচ্ছন্দে, মূল থেকে তাঁরা পড়েছেন রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, পরশুরাম, সেখানে তরুণ প্রজন্ম বাংলার ঘনিষ্ঠ সংযোগ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছেন, লিপির বদল ছোট করে দিয়েছে তাঁদের ভাষাবিশ্বকে।

ঠিক এই পরিণতির পথেই হাঁটছে মণিপুরি ভাষা ও ভাষাকেন্দ্রিক সমাজ-সংস্কৃতি। স্বরণকালের মধ্যে দু-দু'বার লিপিবদলের অভিঘাত কি সামলাতে পারবে এই ভাষা! ভাষাবিশ্ব ছোট হয়ে আসার প্রতিবাদ কি শোনা যাবে মণিপুরে, যেখানে সাম্প্রতিককালের সবচেয়ে তীব্র প্রতিবাদ দেখেছে বিশ্ব? যখন ধর্ষিতা মনোরমার জন্যে নগ্ন হয়ে পথে নেমেছিলেন মায়েরা, তাঁদের লজ্জা নিবারণ করেছিল একটি ব্যানার, যাতে লেখা, এসো, ধর্ষণ করো।

নারীর মতো ভাষাও ধর্ষিতা হয়ে চলেছে, নিয়ত, প্রকাশ্যে বা গোপনে। প্রতিবাদও কিন্তু থেমে নেই। আমরা অনেকেই হয়তো জানি না যেখানে এদেশে মৈথিলী ভাষার কথা বলেন উত্তর-পূর্ব বিহারের ২৬টি জেলার প্রায় ৩ কোটি মানুষ, সেখানে পড়শি দেশ নেপালের প্রায় ১২ শতাংশ মানুষ মৈথিলীভাষী। নেপালের দ্বিতীয় প্রধান ভাষা মৈথিলী। পৃথক মিথিলাঞ্চল ও মৈথিলী ভাষার অধিকার রক্ষার জন্যে তিন দশক ধরে সেখানে আন্দোলন চলছে। সম্প্রতি নেপাল-বিহার সীমান্তে সেইরকম একটি প্রতিবাদী ধরনায় বিস্ফোরণ ঘটানো হয়। প্রাণ হারান চারজন, যাঁদের অন্যতম উদীয়মান অভিনেত্রী ও সমাজকর্মী রঞ্জু বা। সেই ভাষা শহীদদের প্রণাম।

উষায়ুগের ঋষিকা

অন্তরা ব্যানার্জী
অধ্যাপিকা, সংস্কৃত বিভাগ

ঋগ্বেদপ্রাচীনতম সাহিত্য। শ্রীঅনির্বাণ বলেন, ‘ভারতবর্ষের ইতিহাসের উষাকাল শুরু হয়েছে বৈদিকযুগ দিয়ে। তার আগের কথা আমাদের ভালো করে জানা নেই’। বৈদিক অধ্যাত্মসাধনা ইতিহাসের দৃষ্টিতে যত প্রাচীনই হোক, বৈদিক সাহিত্য দীর্ঘদিনের সাধনার ফলে সৃষ্টি, সুসম্বন্ধ ও সমৃদ্ধ অভিজাত সাহিত্য, এমনটাই তাঁর মত।

সহস্রাধিক সূক্ত ঋগ্বেদে। সূক্ত মন্ত্রসমষ্টি, একালের ভাষায় কবিতা। তুলনায় কম হলেও কবি বা মন্ত্ররচয়িতারূপে বেশ কয়েকজন নারী-ঋষির কথা জানা যায়। অনেক পরে লেখা ‘সর্বানুক্রমণি’ গ্রন্থে কুড়ি জন ঋষিকা’র নাম আছে। আলটেকারের মতে, এঁদের মধ্যে কোন কোন নাম প্রতীকী; তবে ঘোষা, অপালা, বিশ্ববারা প্রভৃতি নাম কাল্পনিক নয়, এঁদের অস্তিত্ব বাস্তবেই ছিল। ঋগ্বেদের অন্যান্য কবিদের মতো এই নারী-ঋষিদের জীবন সম্বন্ধেও খুব সামান্যই জানা যায়। যেটুকু তথ্য মেলে, তার মূল ভিত্তি তাঁদেরই লেখা কবিতাগুলি। এই লেখায় তেমন কয়েকজন ঋষিকার কথা বলা হয়েছে।

ঘোষা— ঋষি দীর্ঘতমা’র পুত্র কক্ষীবান। ঘোষা কক্ষীবানের কন্যা। কুষ্ঠরোগ হওয়ায় তাঁর বিবাহ হয়নি। অনেক বয়স অবধি পিতার গৃহে নিঃসঙ্গ জীবনযাপন করছিলেন। অবশেষে চিকিৎসায় রোগমুক্ত হন এবং উপযুক্ত পতিলাভ করেন। পতিগৃহে যাত্রার প্রাক্কালে সূর্যের যে রূপ আরোগ্য প্রদান করে, সেই অশ্বিনীদ্বয়ের উদ্দেশ্যে শ্রদ্ধা জানিয়েছেন ঘোষা, দুটি কবিতায়। কবিতা দুটি ঋগ্বেদে ১০ম মণ্ডলে স্থান পেয়েছে (৩৯ ও ৪০ নং সূক্ত)। ১০/৩৯ সূক্তে অশ্বিনীদ্বয়ের নানা সুকৃতি বর্ণনা ক’রেছেন ঘোষা, বলেছেন—

তোমাদের সুগঠিত রথ সর্বত্র গমন করে। পিতার নাম করলে যেমন আনন্দ হয়, সেই রথের নামেও তেমন আনন্দ হয়। আমাদের ধন দাও, বুদ্ধি দাও, দাও কর্মে সার্থকতা, মধুর বাক্য। আমরা যেন সোমের মতো প্রীতিভাজন হতে পারি। পিতৃগৃহে যে রমণী বৃদ্ধ হয়েছে, তাকে তোমরা স্বামীভাগ্য দান করেছ। অন্ধ, দুর্বল, চলচ্ছত্রিহিত এমনকি নীচ, রোগগ্রস্ত মানুষকেও তোমরা সুস্থ ক’রে তোলো। যেভাবে পুরনো রথ নতুন ক’রে ব্যবহারযোগ্য করে তোলা যায়, সেভাবেই জরাজীর্ণ চ্যবন মুনিকে যৌবন দান করেছিলে। হে নিপুণ চিকিৎসক, পিতা যেমন পুত্রকে শিক্ষা দেয়, তেমন আমাকে শিখিয়ে দাও, বিপদ থেকে কীভাবে উত্তীর্ণ হব। আমার জ্ঞাতিবন্ধু কেউ নেই, বুদ্ধিও নেই, আমাকে আশ্রয় দাও। হে অশ্বিনীদ্বয়, তোমাদের জন্য এই স্তব সাজিয়ে এনেছি। আমার পুত্র, পৌত্র যেন প্রতিষ্ঠা লাভ করে।

১০/৪০ সূক্তের বক্তব্যও অনেকাংশে একই। দেবতার অনুগ্রহ লাভ করে সেই দেবতাকে জানতে চেয়ে ঘোষা বলেছেন, — সকালে, রাতে কোথায় যাও তোমরা, কোথায় থাক ? স্ত্রীলোক যেমন প্রিয়জনকে সমাদর করে, যজ্ঞে কে তোমাদের তেমন করে ডাকে ? আমি রাজকন্যা ঘোষা, যেখানে যাই, তোমাদের কথাই বলি। তোমাদের দয়ায় আমি সৌভাগ্যবতী, আমাকে বিবাহ করতে বর এসেছে। বৃষ্টি দিয়েছ, দিয়েছ শস্য। এখন সুস্থ ও নীরোগ দেহে ইনি সব সুখ ভোগ করতে পারবেন। স্বামীর সহধর্মচারিণী হয়ে স্ত্রীলোক সুখী হয়। আমরা যেন পতিগৃহে ‘পতির প্রিয়’ হই ! ইত্যাদি।

অপালা— অত্রি ঋষির কন্যা অপালা। কোন ত্বকরোগে আক্রান্ত হয়ে ঋষির সর্বাঙ্গ লোমহীন হয়ে যায়। অপালা নিজেও সেই রোগে পতিত হন। স্বামী পরিত্যাগ করায় তিনি পিতার কাছেই থাকতেন। অত্রি ঋষির আরও দুর্ভাগ্য, তাঁর মস্তক যেমন কেশহীন, তাঁর ভূমিও তেমনই শস্যহীন। বৃষ্টির অভাবে অনুর্বর ক্ষেত্রে ফসল ফলে না। ইন্দ্রদেবতার অনুগ্রহে অবশেষে পিতাপুত্রীর ভাগ্য পরিবর্তন ঘটে। ৮/৯১ সূক্তে সেই দেবতাকেই অর্চনা করেছেন অপালা। তার কিছু অংশ তুলে ধরা যায়—

জল আনতে গিয়ে কন্যা পথে সোম লাভ করেছেন। ইন্দ্রকেই সেই সোম নিবেদন করছেন তিনি। বলেছেন, দরিদ্রের গৃহে তৈরি সন্ধু, পিঠে এবং দস্ত দ্বারা নিষ্কাশিত, সমস্ত সোম তোমাকেই দিই। হে দেবতা, তোমায় পাওয়ার আগে তোমায় জানতে চাই। তুমি আমাদের শক্তি দাও, দাও ধন, দাও লোকবল। আমরা পতি পরিত্যক্ত, ইন্দ্রের সঙ্গে মিলিত হব। হে দেব! আমার পিতার ক্ষেত্রে ফসল উৎপন্ন হোক, আমাদের দেহ লোমযুক্ত হোক। হে শতক্রতু, তোমার নিষ্কর্ষণে পুত অপালা সূর্যসম উজ্জ্বল ত্বক সম্পন্না হয়েছে ইত্যাদি। ইন্দ্রের রথের ছিদ্রে আকর্ষণ করে রোগ সারানোর কোন প্রতীকী অর্থ থেকে থাকবে।

বিশ্ববারা— তাঁর সম্পর্কে বিশেষ কিছু জানা যায় না। অত্রি গোত্রে জন্ম, এই তাঁর পরিচয়। স্বামীর সহধর্মিনীরূপে সে যুগে মেয়েরা যজ্ঞে অংশ নিতেন। কিন্তু বিশ্ববারা রচিত মন্ত্রগুলি পড়লে মনে হয়, তিনি একাধারে মন্ত্রদ্রষ্টা, যজ্ঞকর্তা এবং যজ্ঞমানের ত্রিবিধ ভূমিকা পালন করেছেন। আবার গৃহিনীরূপে দাম্পত্য জীবন যেন সুখের হয়, এই কামনাও করেছেন মন্ত্রে।

অগ্নিদেবতার উদ্দেশ্যে তিনি বলেন, অগ্নির উজ্জ্বল দীপ্তি আকাশে ছড়িয়ে পড়ছে উষার সম্মুখে। বিশ্ববারা পূর্বদিকে মুখ করে হব্যপাত্র হাতে নিয়ে এগিয়ে চলেছেন অগ্নির অভিমুখে। তাঁর কণ্ঠে উচ্চারিত হচ্ছে শব্দ। হে অগ্নি, তুমি জ্বলে ওঠো, অমৃতের অধিপতি হও। হব্যদাতার কল্যাণ কর। তাকে দাও বিপুল ঐশ্বর্য, পরাভূত কর তাঁর শত্রুদের। দাম্পত্য সুশৃঙ্খল কর। হে অগ্নি, যখন তুমি জ্বলে থাকো দীপ্তিমান, আমি তোমার স্তুতি করি। তুমি পূরণ কর আমার কামনা। হে অগ্নি, যজ্ঞে তুমিই ‘দেবতার পূজা কর, কারণ তুমি হব্যদাতা, তুমি পুরোহিত। অগ্নিতে হোম কর, তাঁর সেবা কর’, বরণ কর হব্যবাহক সেই অগ্নিকে।

সূর্যা— ১০ মণ্ডলের ৮৫ নং সূক্তে ঋষি সূর্যা তাঁর বিবাহের বর্ণনা দিয়েছেন সূর্যকন্যা সূর্যার বিবাহের রূপকে। সায়ণাচার্য সেই অলৌকিক বিবাহের আখ্যান বর্ণনা করেছেন। সবিতা কন্যা সম্প্রদান করতে চেয়েছিলেন সোমকে। সব দেবতাই তাঁকে কামনা করেছিলেন। তাঁরা পরস্পর স্থির করেন, আমরা আদিত্য পর্যন্ত দৌঁড়াব, যিনি জিতবেন, তিনি কন্যাকে লাভ করবেন। শেষ অবধি শীঘ্রগামী রথে বিচরণকারী অশ্বিদ্বয় জয়ী হন এবং সূর্যাকে বিবাহ করেন। ১০/৮৫ সংখ্যক সূক্তের অংশবিশেষ তুলে ধরা যায়—

সূর্যা পতিগৃহে চললেন। মনই হল তাঁর শকট, আকাশ উর্ধ্ব আচ্ছাদন। দুটি শুকতারা রথের বাহন। সূর্য তাঁকে যা উপহার দিয়েছেন, সে সব চলেছে আগে। হে অশ্বিদ্বয়, ত্রিচক্র রথে চড়ে তোমরা সূর্যাকে গ্রহণ করেছ।

মন্ত্রে নক্ষত্ররাজির বিবরণের আড়ালে কোন মর্ত্য রমণীর বিবাহের বর্ণনা লক্ষ্য করা যায়। যেমন — সূর্যা পতিগৃহে চলেছেন। পথের দু-ধারে সুন্দর পলাশ গাছ, শাল্মলী তরু। রাশি রাশি উপটৌকন নিয়ে চলেছেন তিনি। হে দেবগণ! পতি-পত্নীর বন্ধন দৃঢ় হোক। হে ইন্দ্র! ঐকে সৌভাগ্যবতী ও পুত্রবতী কর। কন্যা, পতিগৃহে তুমি কর্ত্রী হও,

স্বামীসোহাগিনী হও, তোমার শত্রুরা নিপাত যাক। বধুর প্রতি বলা হয়, ‘তুমি স্বশুর, শাশুড়ি, ননদ, দেবর সকলকে বশীভূত করে পতিগৃহে সম্রাজ্ঞী হও।’ শেষে বরবধু একত্রে দেবগণের আশীর্বাদ প্রার্থনা করে। বিবাহের নানা লৌকিক আচার উল্লেখ করা হয়েছে এই সূক্তে। Roth-এর মতে এটি অপেক্ষাকৃত আধুনিক সূক্ত।

ইন্দ্রাণী— ইন্দ্রাণী এবং শচী নামে দু’জন ঋষিকার লেখা রয়েছে বেদে। নামগুলি যথার্থ কিনা সে বিষয়ে সন্দেহ আছে। তবে কবিতা দুটি যে কোন স্ত্রীলোকের লেখা তাতে সংশয় থাকে না। সতীনের প্রতি বিদ্রোহ বশত ইন্দ্রাণী সূক্ত লিখেছেন। দেবতার নাম ‘সপত্নীপীড়ন’। বৃষ্টির দেবতা ইন্দ্র ব্রাহ্মণে রাজার প্রতীক হয়ে উঠেছিলেন। ইন্দ্রাণী বা শচী তেমন কোন বহুপত্নীক রাজার স্ত্রী হওয়া অসম্ভব নয়। সূক্তের ভাবার্থ এই — যে ওষধি লতার প্রয়োগে সপত্নীকে দূর করা যায়, স্বামীর ভালোবাসা লাভ করা যায়, তার উদ্দেশ্যে নিবেদন, তিনি যেন ঋষিকা’র স্বামীকে তাঁর বশীভূত করে দেন। তাঁর সতীন যেন ‘নীচেরও নীচ’ হয়ে থাকে। মন্ত্র উচ্চারণ করে স্বামীর মাথার বালিশের নীচের ওষধিটি রেখে দিলে তাঁর মন ফিরে পাওয়া যাবে, এমনটাই আশা ঋষি ইন্দ্রাণীর (১০/১৪৬)।

শচী— শচী ঋষির লেখায় শচীই দেবতা। অপরাপর সপত্নীদের দূর করে তিনি স্বামীর আদরের হয়েছেন। বলবান পুত্রেরা, রূপবতী কন্যা, পরিবারের সকলে তাঁকে মান্য করেন। সমস্ত শত্রু তাঁর পদানত, সপত্নীবর্গ পরাভূত। সূর্যের উদয়ে এভাবেই তিনি নিজের সৌভাগ্য বর্ণনা করেছেন ১০/১৫৯ সূক্তে। রমেশচন্দ্র দত্তের মতে, এই মন্ত্রগুলি কালের বিচারে আধুনিক। পাছে লোকে এগুলিকে অশ্রদ্ধা করে সে কারণে কবির জয়গায় দেবতার নাম বসিয়ে দেওয়া হয়েছে।

লোপামুদ্রা — ১/১৭৯ সূক্তে ঋষি অগস্ত্য ও ঋষিপত্নী লোপামুদ্রার একটি কথোপকথন আছে। তাঁরাই এই সূক্তের ঋষি। নির্দিষ্ট কোন দেবতার উদ্দেশ্যে সূক্তটি রচিত হয়নি, এর বিষয় দাম্পত্য। লোপামুদ্রা বলছেন, ‘কতদিন কেটে গেল তোমার সেবায়, বয়স হল। আজও তোমার সময় হল না। যেসব পুরাতন ঋষিরা সত্য পালন করেছেন, তাঁরা কেউই পত্নীকে অবহেলা করেননি।’ লোপামুদ্রার কথায় ঋষির চেতনা হয়। তিনি বলেন, ‘দেরি হয়ে গেছে ঠিকই। তবু আমরা চেষ্টা করলে সব সুখ ভোগ করতে পারি। দেবতারা আমাদের সহায়। তপস্যার ধর্ম পালন করেছি এতকাল। তবু, যে কারণেই হোক, আজ বড় উতলা হয়েছি। এসো, আমরা মিলিত হই।’ তাঁদের কথার শেষে অগস্ত্য শিষ্য বলেন মর্ত্যের মানুষ ‘বহু কামনাবান’। উগ্র ঋষি অগস্ত্য ‘জপ-তপ-সাধন’ এবং ‘প্রণয় সুখ সন্তোগ’ দ্বিবিধ ধর্মই পালন করেছেন। দেবতারাও তাঁকে আশীর্বাদ করেন।

অম্বুণী বাক্— অম্বুণকন্যা বাক্ সম্বন্ধে নাম ছাড়া আর কোন তথ্য পাওয়া যায় না। তাঁর লেখায় স্বামী-পুত্র-সংসারের কামনা বা জাগতিক সুখের সঙ্কল্প আমরা পাই না। দশম মণ্ডলের বাক্ সূক্ত (১০/১২৫) আত্মোপলব্ধির আলায়ে ভাস্বর, ঋগ্বেদের হাতে গোনা আধ্যাত্মিক সূক্তগুলির একটি। পরম দেবতার সঙ্গে একাত্ম ঋষি এই সূক্তে নিজেকেই স্মৃতি করেছেন, নিজেকেই দেবতার আসনে করেছেন অভিষিক্ত। “রুদ্র, বসু, আদিত্যগণ, ইন্দ্রাণী, অশ্বিদয়, সোম, তৃষ্ণা, পৃষা, ভগ প্রভৃতি দেবতাদের আমিই ধারণ করে আছি। সম্রাজ্ঞী আমি, সকল চেতন বস্তুর মধ্যে শ্রেষ্ঠ, সবকিছুর মধ্যে অনুসূত। যে দেখে, আমিই তাকে দেখাই, যে শোনে, আমিই শোনাই। আমিই রুদ্রের ধনু বিস্তুত করে দিই শত্রুবধের নিমিত্ত। সকলের জন্য আমিই যুদ্ধ করি। বিশ্বভুবন নির্মাণ করতে করতে বাতাসের মতো বয়ে চলেছি আমি। আকাশ ছাড়িয়ে, পৃথিবী ছাড়িয়ে, নিজের মহিমায় এত বড় হয়েছি।” রমেশচন্দ্র দত্ত বলেন, ‘বাক্ যে এই সূক্তের বক্তা, সূক্তের ভিতর তার কোন নিদর্শন নেই’। কিন্তু তিনি যে কবি সে বিষয়ে সংশয়ের অবকাশ নেই।

বলা হয়ে থাকে, বৈদিকযুগে মেয়েদের মধ্যে যাঁরা সারাজীবন অধ্যয়ন, অধ্যাপনা করতেন তাঁরা ব্রহ্মবাদিনী নামে কথিত হতেন। আর যাঁরা শিক্ষান্তে গার্হস্থ্য জীবনে প্রবেশ করতেন, তাঁদের সদ্যোদ্ধাহা বলা হত। ঋষিকাদের রচনা থেকে বোঝা যায়, যাঁরা বেদ পড়েছেন, মন্ত্র রচনা করেছেন, তাঁরা সকলেই সন্ন্যাসিনী ছিলেন না। মন্ত্রে তাঁরা যে সুখ, দুঃখ, সৌভাগ্য, প্রেম, বিবাহ বা প্রাপ্তি-অপ্রাপ্তি বর্ণনা করেছেন, তা তাঁদের একান্ত ব্যক্তিগত উপলব্ধি। অপরদিকে, অলৌকিক আনন্দকে কথায়-ছন্দে আভাসিত করতে পারেন, ঋষিকা বাক্-এর মতো এমন কবি পুরুষের জগতেও বিরল। এ কারণে সমগ্র ঋগ্বেদে আধ্যাত্মিক সূক্তের সংখ্যা মাত্র তিনটি।

গ্রন্থপঞ্জী :

- ১। অনির্বাণ, *বৈদিক-সাহিত্য* (১ম, ২য় ও ৩য় ভাগ), সংস্কৃত বুক ডিপো, কলকাতা-২০০৬।
- ২। আলতেকার, এ. এস., *The Position of Women in Hindu Civilization*, MLBD, Delhi, 2016.
- ৩। দত্ত, রমেশচন্দ্র, *ঋগ্বেদ সংহিতা*, সদেশ, কলকাতা।

Adulterated Food : A Storehouse of Diseases

Jagadbandhu Chakrabarti

Ex-Director

Central Food Laboratory, Kolkata.

Urea added to parched rice (Muri) ; poisonous colour added to flattened rice (chinrah) to look it much whiter, selling tea-leaves once again after extracting and adding colour to obtain so called closed liquor (truly the coloured water), Using Ajinomoto (Mono-Sodium Glumate-MSG) in 'chowmein' decorationg betels and 'Laddus' with Aluminium foils (Tabak), mixing 'Shial-Kanta' (Argemone) thorny seeds to edible oils, fruits ripened with the aid of Carbide, Contaminated foods, edibles with fatal colours, rotten betel nuts to 'Pan Masala', Papaya seeds to black peppers etc. are more or less common sights everywhere in the market. Moreover, manufacturing Companies always indulge in misleading exaggerations on advertisement of their products. This is how 'Food for Health' is gradually degenerating into 'Food leading to death'. Dr. Herbert was quite justified, when 350 years before, he remarked, 'whatever was the father of a disease, all ill diet was the Mother.'

Because of my long 36 years association by Virtue of my official employment as a person responsible for the 'Standard of Food and its Safety' in the Central Government, I am rather interested in sharing my experiences with all of you by bringing the ins and outs of the edibles. Adding artificial colour to food carries no sense save and except its being amorous. There are four different shades of basic colours as permitted viz Red (Ponceu 4R, Carmoisine, Erythrosine), Yellow (Tantrazine, Sunset yellow), Blue (Indigo-Carmine, Brilliant Blue FCF) and Green (Fast Green FCF) i.e. a total eitht varieties of four basic colour. These are recommended for some varies of food, @ 100/200 mg. per kg of food quantity. But 'Kamdhenu' (Cow brand) / Metanil yellow 'a specific industrial colour and not for human consumption is being elaborately used in edibles. Bundiya, Laddu, Biriyani, Beguni (brinjal slices dipped in Besan or powered Bengal gram, fried in oil). Turmeric Powder, 'Zalebi', 'Amriti', 'Kamal Bhog', 'Kulfi', 'Math' (Congealed sugar shaped like a temple), batasha etc. wherein this harmful colour is used by the manufactures knowingly/unknowingly. This arbitrary use of industrial colour may give rise to the diseases like cancer, stomach-ache and testicular degeneration. Another similar harmful colour is 'Rhodamine-B' which is widely used in 'Howai Mithai', Sweetmeats, Syrup and Sugar temple (a temple shaped hardened sugar product) particularly offered to goddess Saraswati, Laxmi and other deities). Human livers, kidneys and spleens are very badly affected by this nefarious colour.

Application of above mentioned yellow and red colour has slow poisoning effect in our body. So we are naturally less conscious. Metanil yellow or 'Kishour Colour' and 'Rhodamine-B' are very easily identifiable. A little addition of Muretic Acid (used in toilet cleansing) changes the yellow colour to deep purple. Likewise any food having Rhodamine-B in it, if diluted in water and exposed to sunlight, will have fluorescence in it. We might remember these two tests in our own interest.

Children below 12 months and expectant mothers are strictly advised not to take Ajinomoto (MSG) Chinese food. This hinders the growth of brain of the fetus in mother's womb. 'Tabak' (A foil of silver) used on the crust of 'Betel-leaf' or sweetmeats should be of Food Grade Silver only but instead the use of Aluminium Foil is rampant to save the cost. As a result human bones become as soft and malleable as sponge and man may also suffer from the loss of memory and mental retardation. Eternal vigilance is the only safeguard against these maladies.

As per the study of the 'World Health Organization'(WHO) there are 150 crore cases of diarrhoea in the whole of the world every year and this disease accounts for the death of nearly 30 lakhs of children below the age group of 5 years.

70% of the enteric diseases are caused by bacteria-infection from food. This infection may take place either at the time of cooking or when the food is left uncovered or at the time of serving it to the consumers. Heat may kill the germs but the toxin (Enterotoxin) that was created during the life-span of the germs is indestructible. Human hands noses faces, hair skin, nails, rings & other ornaments, watches, cigarettes, Bidi, Khaini, Betel-leaves also cause food contamination extensively. Salads prepared under unhygienic conditions may be responsible for causing Giardia. Food may become uneatable for many a reason only a strict vigil can ensure perfect safety.

Plastic containers like water bottles, feeding bottles, food packets and other packages are liberally used all over the world but the Bisphenol component (BPA) of plastic may contaminate food thus damage man's memory for recollection.

Adulterated food is an age-old problem. But we cannot let it go easily. Experience or 'ripeness is all' as Shakespeare puts it. Acharya Prafulla Chandra Roy discovered how to detect adulteration in edible oils in the year 1885. The paper was published by Ramakrishna Institute of Culture Kolkata; bears evidence to this fact. 'Bengal Pure Food Act' came into existence in the year 1919 and Calcutta Municipal Corporation also made an enactment on food in the year 1923.

The central legislation 'The Prevention of Food Adulteration Act' was enacted in the year 1954 and came into force since June, 1955. Further the most recent food act has been enacted in India which is "**Food Safety and Standard Act, 2006**". This integrated Act "Food Safety Authority of India" under the Department of Health is in complete charge of this affair. As per new legislation only Govt./non-Govt. NABL Accredited Laboratories are entitled to conduct the tests of doubtful food items sold in the market ; for the general public. The latest legislation came into force on and from the 5th of August 2011.

[(1) PFA Act & Rules, (2) FPO, 1955, (3) MFPO, 1973, (4) VOP order, 1947, (5) Edible oil packaging (Reg.) order, 1992, (6) SEO, De-oiled Meal & Edible flour (control) order, 1957, (7) Milk & Milk Products order, 1992, (8) Essential commodities Act, 1955 relating to food is consistent with the world standard as well as the standard of the standard of Codex Alimentarius commission.]

Eat Proper, Make Your Brain Stronger

Subhadrita Das

1st year, Dept. of Food & Nutrition

Brain is the most valuable part of our body. We know, it controls our whole body metabolism through many nerves & organs. But our nerve cells or neurons have some special functions. Unlike other cells of our body, they are not formed by cell division.

So, the number of brain cells do not increased day by day. They are formed just once in our life time. For that we should take special care of our brain cells.

We can easily nourish our brain through some proper diet plan. If we avoid junk food and take some common vegetables and fruits which have brain boosting power, our brain cells are activated. These specialised foods are known as “Brain Food”.

A Review on Brain Food :

- ⊙ **Carrots :** b-carotene in present carrot protects our central nervous system against age related problems like short time memory loss. 50mg. supply of b-carotene every other day reduces cognitive decay.
- ⊙ **Oranges :** Folate and folic acid present in oranges, promote brain development. In fact, these nutrients also make orange a healthy fruit for pregnant woman. Taking one orange in the daily diet of a pregnant woman reduces the chance of any neurological disorders in the foetus.
- ⊙ **Banana :** Bananas are considered “Mood Food” as they help your brain by releasing neurotransmitters like Dopamine (DA), Serotonin (SER, 5-HT) that promote good mental health. Bananas provide the essential amino acids tryptophen and tyrosin. Bananas are also a rich source of vitamin B-6 & carbohydrates.
- ⊙ **Eggs :** Choline in eggs plays an important role in several metabolic path ways and acts as a neuro-transmitter. It improves memory and cognitive power. Vitamin B₁₂ in eggs prevents Alzeheimers. One whole egg (hard boiled) contains about 1.11mg. of vitamin B₁₂ which is 80.5% of the total daily requirment of this vitamins.
- ⊙ **Fish :** Fish, mainly sea-fish, are a rich source of omega-3 fatty acids like EPA (Eicosa Pentaenoic Acid), DHA (Docosa Hexaenoic Acid) they help in increasing the grey matter in the brain and prevent age related problems.

Now, we can say from the above discussion, that proper food can work wonders for the overall health of our brain.

So, eat proper and make your brain stronger.

শীতের খাদ্য ও তার খাদ্যগুণ

পূর্ণিমা দে

অধ্যাপিকা, খাদ্য ও পুষ্টি বিভাগ

চিঁড়ে মুড়কিতে তার ভরি দেন বুলি

পৌষে খাওয়ান ডেকে মিঠে পিঠেপুলি। — রবীন্দ্রনাথ ঠাকুর

খেজুড় গুড়, পিঠেপুলি, কমলালেবু — এই তিনটি খাদ্যের নাম আমাদের মনে করিয়ে দেয় সেই আলসে ঋতু— শীত ঋতুর কথা। শীতের বৈশিষ্ট্য হল রামধনু রঙের সবজি ও ফলের বাহার। বাজারে গেলেই দেখা মেলে কমলালেবু, পেয়ারা, আমলকী, আপেল, আঁড়ুর, বেদানা আর রকমারি শাক-সবজি-গাজর, ক্যান্সিকাম, মিষ্টি আলু, বিনস, কড়াইশুঁটি, পেঁয়াজকলি। আছে জিভে জল আনা সব খাবারদাবার। খেজুড় গুড়, পাটিসাপটা, কড়াইশুঁটির কচুরী, জয়নগরের মোয়া। আরও কত কি।

শীতের দিন মানেই খুব খাওয়া-দাওয়া, হইচই, পিকনিক, চিড়িয়াখানা, বড়দিন, পৌষপার্বণ-আর বেড়াতে যাওয়া। শীতের দিনে উৎসবে আনন্দে মেতে ওঠে মানুষ। কিন্তু ‘একই অঙ্গে এত রূপ’— এর মত শীত খুশির সাথে বয়ে আনে কতকগুলি রোগের জীবাণু। শীতকালে আবহাওয়ার তথা উষ্ণতার তারতম্য, ধোঁয়াশা (কুয়াশা ও ধোঁয়ার সংমিশ্রণে সৃষ্ট) ইত্যাদি জ্বর, হাঁপানি, সর্দিকাশি, ইনফ্লুয়েঞ্জা, বসন্ত, শুল্ক ত্বক- এরকম ছোটবড় নানা অসুখকে আমন্ত্রণ জানায় যা শিশু থেকে বৃদ্ধ সকলকেই বিপর্যস্ত করে তোলে।

তবে সমস্যার মধ্যেই যেমন তার সমাধান লুকিয়ে থাকে, তেমনি প্রকৃতি শীত ঋতুকে এমন কিছু পুষ্টির ফল ও সবজি দিয়ে সাজিয়েছে যে মানুষ এই রোগগুলিকে সহজেই দূরে সরিয়ে রাখতে পারে। শুধু চাই সচেতনতা।

ছোট ছোট কথা জানুন, শীতের দিনে সুস্থ থাকুন.....

শীতের ঠাণ্ডা হাওয়া থেকে বাঁচিয়ে শরীরকে উষ্ণ রাখতে অধিক ক্যালোরির প্রয়োজন। যে সব সবজির ফলনে বেশী সময় লাগে, বিশেষতঃ মাটির নীচে জন্মায়, সেইসব সবজি আমাদের শরীরকে উষ্ণ রাখতে সাহায্য করে। প্রকৃতি শীত ঋতুকে তাই দিয়েছে গাজর, মিষ্টি আলু, পেঁয়াজকলি, শালগম, মুলো, বিট।

কড়াইশুঁটি, শীম ও বিনস্ প্রোটিন ও ক্যালরি সমৃদ্ধ। তাই শিশুদের টিফিনবক্সে শীতকালে কেক, বিস্কুটের পরিবর্তে দেওয়া যেতে পারে কড়াইশুঁটি ও বিনস্ দিয়ে তৈরী মুখরোচক আলুকাবলি বা পরোটা। অথবা ওদের পছন্দসই পিৎজা বা পাস্তাকে কড়াইশুঁটি, গাজর, বিনস্, ক্যান্সিকাম ইত্যাদি দিয়ে আরও পুষ্টির করা যেতে পারে। এর ফলে শিশুদের দৈনন্দিন খাবারে যেমন বৈচিত্র্য আসে, তেমনি খাবারগুলিও তাদের কাছে হয়ে ওঠে আকর্ষণীয়।

সবজির মধ্যে মেথি শাক, পালং, সর্ষে শাক, পুদিনা, ধনে পাতা আর আনাজের মধ্যে ফুলকপি, বাঁধাকপি, কড়াইশুঁটি, গাজর, বিট, বিনস্ ইত্যাদি ভিটামিন ও খনিজ লবণে সমৃদ্ধ। এছাড়াও এগুলি Bioactive Phytochemicals-এ পরিপূর্ণ। Phytochemicals (Phyto অর্থাৎ উদ্ভিদজাত) বা Phytonutrients-এর মধ্যে Bioactive উপাদানের কাজ মূলতঃ উদ্ভিদকে পরিবেশের ক্ষতিকারক বিকিরণ, দূষক পদার্থ ও জীবাণুর হাত থেকে রক্ষা করা।

তাই এই উদ্ভিদগুলিকে যদি আমরা খাদ্য হিসাবে গ্রহণ করতে পারি, তবে বিচ্ছিন্নভাবে উপকৃত হতে পারি। এরা একদিকে যেমন আমাদের দেহে উৎপন্ন স্বাধীন অণু বা Free Radicals-এর ক্ষতিকারক প্রভাব থেকে রক্ষা করে, তেমনি সাধারণ জ্বর, সর্দিকাশি, এলার্জি, হাঁপানি, ফুসফুসের সংক্রমণ, পরিপাকের সমস্যা প্রভৃতিকে দূর করে এবং অনাক্রম্যতা বৃদ্ধি করে।

গাজর, টমেটো, পালং শাকের Carotinoids, লেবুর Lemoniods, আঙুরের Flavonoids, বাঁধাকপি, ফুলকপির Glucosinolates, টমেটোর Lycopene-এই Bioactive Phytochemicals-গুলি সবই Antioxidants হিসেবে কাজ করে; শীতের শুষ্ক ত্বককে সুস্থ সুন্দর রাখে, আবার হৃদরোগ, ক্যান্সার, ডায়াবেটিসের মত জটিল রোগের বিরুদ্ধেও লড়াই করে।

শীতের রঙিন ফল ও সবজির রঙিন ভাব বজায় রাখে কতকগুলি রঞ্জক পদার্থ, যেমন - পেয়ারা, আঙুর, ক্যান্সিকাম, পেঁয়াজকলি প্রভৃতির মধ্যে থাকা Chlorophyll (সবুজ), গাজর, কমলালেবু প্রভৃতির মধ্যে থাকা Carotinoids (কমলা), বেদানা, কালো আঙুর, বিট প্রভৃতির মধ্যে থাকা Anthosyanins (নীলাভ) ইত্যাদি। এই রঞ্জকগুলি Antioxidants হিসাবেও কাজ করে।

Bioactive Phytochemicals হোক বা Pigment Antioxidants, এগুলির আরেকটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল, এগুলি শাক-সবজি ও ফল থেকে প্রাপ্ত ভিটামিনের কার্যকারিতাকে আমাদের শরীরে বাড়িয়ে দেয়। যেমন আঙুর ও লেবুর Flavonoids এই ফলগুলি থেকে প্রাপ্ত ভিটামিন C-কে আমাদের শরীরে সক্রিয় করে তোলে।

সর্দিকাশি, জ্বর আমাদের শরীর যখন রোগজীবাণুর সাথে লড়াইয়ের ক্ষমতা হারিয়ে ফেলে তখন তাকে পুনরায় মজবুত করতে প্রকৃতি এই সময় দিয়েছে ভিটামিন C সমৃদ্ধ পেয়ারা, আমলকী, লেবু, ধনেপাতা। জ্বর ও সর্দিকাশি সারাতে ব্যবহৃত এ্যান্টিবায়োটিক ঔষধ আমাদের শরীরে ভিটামিন B উৎপন্নকারী বন্ধু ব্যাকটেরিয়াগুলোকে মেরে ফেলে এবং শরীরে ভিটামিন B-এর ঘাটতি তৈরী করে। ফলে দেখা যায় এর অভাবজনিত লক্ষণ, যেমন - ঠোঁটের কোণে ঘা।

Probiotic খাদ্য হিসেবে পরিচিত টকদই একদিকে Lactobacillus-এর মত বন্ধু ব্যাকটেরিয়ার ভাল উৎস, তেমনি শীতের বিভিন্ন ধরনের শাক-সবজি, ভিটামিন B-এর ভাণ্ডার। তাই ভিটামিন B ক্যাপসুলের পরিবর্তে ঘরে পাতা দই ও শীতের শাক-সবজি গ্রহণে সহজেই এই ঘাটতি দূর হয়। সাধারণের মধ্যে একটা ভুল ধারণা আছে যে শীতকালে দই খেলে ঠাণ্ডা লাগে। কিন্তু ঘরের স্বাভাবিক তাপমাত্রায় টক দই খেলে সর্দিকাশি হওয়ার কোনো সম্ভাবনা থাকে না।

শীতে সর্দিকাশি, জ্বর থেকে বাঁচতে শুধু শাক-সবজি বা ফলই যথেষ্ট নয়, বিভিন্ন মশলাপাতি (Spices) যেমন - সর্ষে, গোলমরিচ, মেথি, আদা, জোয়ান এবং ভেষজ (Herbs) যেমন - রসুন, তুলসি এগুলিও খাদ্যতালিকায় রাখা উচিত। শীতে আর্থ্রাইটিস, গাঁটে ব্যথা (Joint pain)-র মত সমস্যায় মেথি খুব উপকারী।

খেজুরের রস, পাটালি, গুড় আয়রন সমৃদ্ধ। তিলের পাটালি বা বাদাম পাটালি যেমন শীতকালের আকর্ষণীয় খাবার, আবার একই সাথে আয়রন, ক্যালসিয়াম (তিল) ও প্রচুর ক্যালরি সমৃদ্ধ। ফলে রক্তাঙ্গতা থেকে হাড়ের রোগ-সবার সাথেই লড়াইয়ে সাহায্য করে।

শীতকাল মানেই পিকনিক, উৎসব, খাওয়া-দাওয়া। আর খাওয়া-দাওয়া মানেই প্রচুর তেল-মশলাযুক্ত বা অতিরিক্ত ক্যালরিয়ুক্ত খাবার। শাক-সবজির তন্তু ক্ষিদে মেটায় অথচ ক্যালরি মূল্য কম, আবার রক্তে কোলেস্টেরলও কমায়। তাই নিমন্ত্রণের দিনগুলির অতিরিক্ত ক্যালরি যা মেদ বাড়ায় তাতে ভারসাম্য আনা যেতে পারে প্রচুর স্যালাড আর তাজা শাক-সবজি দিয়ে।

বেদানার আসল পুষ্টিগুণ যেমন তার দানার মধ্যে লুকিয়ে থাকে, বেদানার রঙ বা তার বাইরের আবরণ দিয়ে তার বিচার করা যেমন ভুল, তেমনি শীতকালের এই সব সবজি ফল সারা বছর পাওয়া গেলেও এর সঠিক পুষ্টিগুণ আসলে মেলে শীতকালেই। সভ্যতার উন্নতির ফলে আধুনিক পরিবহন ব্যবস্থা ও উন্নত হিমঘরের সৌজন্যে গরমের দিনেও বাজারে গাজর, বিনস, ক্যাপ্সিকাম, কমলালেবু, টমেটোর যোগান থাকে। দূর-দূরান্তে পরিবহনের জন্য এগুলি সময়ের অনেক আগেই ক্ষেত থেকে তুলে ফেলা হয়। ফলে অসময়ের ফল বা সবজির মধ্যে মরশুমি ফল সবজির মত ভিটামিন বা পুষ্টিগুণ পাওয়া যায় না। সেক্ষেত্রে অর্থ খরচই সার হয়। তাছাড়া ঋতুর মরশুমি ফল সবজির পুষ্টি মূল্যও বেশি, খেতেও সুস্বাদু আর দামেও তুলনামূলক সস্তা।

সবশেষে তাই বলা যায়, —

শীতের এই তো গুণ-

বুলিতে তার হরেক খাবার

পূর্ণ খাদ্যগুণ।

Just Cause I'm a Girl?

Aritri Maiti
1st year, Dept. of Geology

I am a girl....
Wondering why the world treats me like this?
Why am I kept away from all joys?
Why am I denied all the heavenly bliss?

I am a girl afraid of my own shadow
Treated like an outsider in my own spheres
Waiting for the day I shall breathe joy
And my heart is free from all tears.

Here I am judged by my appearances and what I am not
The wings of my dreams are chained down forever
Yes, I feel the suffering of many hearts beside mine
Yet they judge the book by its cover.

I hear them running through my mind
The teasing, the harshness, and the hurtful sighs,
And I remain trapped in this cage of darkness,
With my dreams reduced to ashes before my eyes.

All I dream of is a world with free spirits
A dreamland of only happy hearts
A world where the mind lives free
And the hearts are not broken into parts.

So, is that the only root of my miseries?
I am punished just because I am a girl?
Oh! I dream of a world where all are equal
Where everyone is treated as a unique pearl.

বৃদ্ধাশ্রম

বন্যা ভট্টাচার্য
দ্বিতীয় বর্ষ, ভূবিদ্যা বিভাগ


পৃথিবী,
তাদের দেয়নি কোনো প্রাণ
বাবা মায়েরা নিজ জায়গায়
পায়নি কোনো স্থান
পথে-ঘাটে ক্লান্ত হয়ে,
কেঁদেকেটে আকুল হয়ে,
ঠিকানা আজও সেই বৃদ্ধাশ্রম
অনেক জ্বালা হাসিমুখে
সহ্য করে এল যারা
সামান্য শাস্তি পেতে
বঞ্চিত আজ তারা
দেখল না যারা আজ
তাদের পিতামাতাকে
সুখ কপালে নেইকো কারো
এ জীবন অরণ্যে
নতুন প্রজন্ম আসবে আবার
এ ধরণীর নিয়মে
তাদের করো না অবহেলা,
করো না ক্লান্ত
পাঠিওনা বৃদ্ধাশ্রমে।।



অসহায় কাক

বন্যা ভট্টাচার্য
দ্বিতীয় বর্ষ, ভূবিদ্যা বিভাগ

তুমুল ঝড়েও পায়না জায়গা
পায়না কোনো নাম
এই বিশ্বে কেউ কি দেবে
তাদের কোনো দাম।
গাছের ডালে তারা কেবল
খেলে, বসে র'য়
মাথায় তাদের ভাবনা কেবল
'যদি পেতাম আশ্রয়'!
দেখতে যদিও সুন্দর নয়
তা সে মানে
তোমাদেরই নোংরা পরিষ্কার করতে
সেই কেবল জানে।





পড়ার সময়

মঙ্গলা হালদার

দ্বিতীয় বর্ষ, বাংলা বিভাগ

রবিবারটা খেলার জন্য

পড়ার জন্য নয়।

সোমবারেতে পড়লে নাকি

মাথাব্যথা হয়?

মঙ্গলবারে পড়লে নাকি

মা লক্ষ্মীর কোপ।

বুধবারে পড়তে বসে

ঘুরতে যাওয়ার ঝোঁক।

বৃহস্পতিবারে পড়লে নাকি

অমঙ্গল হয়।

শুক্রবারে পড়লে নাকি

মন শুদ্ধ হয়?

শনিবারে পড়তে বসার

সময় থাকে না কাছে—

বলতে পারো আর কি আমার

পড়ার সময় আছে?



দামাল ছেলে

সুজিৎ বিশ্বাস

নৈশ প্রহরী

আমি সকালবেলায় উঠতেই পারি, ঘাপটি মেরে ঘুমাতেই পারি,
সূর্যের আলো দেখতেই পারি, মায়ের বকুনি খেতেই পারি
তবুও আমি তোমাদের দুষ্টু ছেলে হতেই পারি।

দিদিকে ভেংচি কাটতেই পারি, দাদার কানমলা খেতেই পারি
ঠান্মার আদর নিতেই পারি, ঠাকুরমার ঝুলি শুনতেই পারি
তবুও আমি তোমাদের দুষ্টু ছেলে হতেই পারি।

স্যারের পড়া না করতেই পারি, ওনাকে প্রশ্ন ছুঁড়তেই পারি,
অজানাকে জানতেই পারি, জানার কোনও শেষ নেই ভাবতেই পারি,
তবুও আমি তোমাদের দুষ্টু ছেলে হতেই পারি।

পেন দিয়ে নিজের গোঁফ আঁকতেই পারি, টিপু-সুলতান হতেই পারি,
বাঁশের তরবারি বানাতেই পারি, তাতেও ধার দিতেই পারি,
তবুও আমি তোমাদের দুষ্টু ছেলে হতেই পারি।

সাঁতার আমি কাটতেই পারি, ডুবে-ডুবে মাছ ধরতেই পারি,
ভাজা-মাছটা উলটে খেতেই পারি, তেলে-বেগুনে জ্বলতেই পারি,
তবুও আমি তোমাদের দুষ্টু ছেলে হতেই পারি।

দেশকে ভালোবাসতেই পারি, বন্দেমাতরম্ গাইতেই পারি,
দেশের জন্য লড়তেই পারি, নিজের জীবন দিতেই পারি,
তবুও আমি তোমাদের দুষ্টু ছেলে হতেই পারি।

বকুল বাসর

সুশীল বারিক
শিক্ষা কর্মী

নিঝুম রাতে মিটমিটিয়ে
জোনাকি দেয় আলো ।
বর্ষা ভেজা বকুল সুবাস
লাগে ভীষণ ভালো ।
রাতের শেষে ভোরবেলাতে
উঠলো রবি হেসে,
গুঞ্জরিয়া পিয়াসী ভ্রমর
বকুল শাখায় আসে ।
জুঁই চামেলী টগর যেন
করছে কানাকানি,
বকুল বলে দোহাই বধু
না হয় জানাজানি ।
দুষ্ট্র ভ্রমর যায় যে চলে
মধু খাওয়ার পরে,
বকুল মনে শুধুই যেন
খুশীর মন্তো বারে ।
প্রজাপতি নেচে চলে
বকুল গাছের ডালে
স্নিগ্ধ বকুল আপন হারা
খুশীর খেয়ালে
আড় চোখেতে চাঁপা
দেখে করে অভিমান
চাঁপার সাথে শিউলি
যেন করলো ভীষণ মান
মৌমাছির বকুল শাখায়
জমায় খুশীর আসর
বেল-মালতী দেখেই বলে
যেন বকুল বাসর ।

বৃষ্টিবধু

জয়ন্ত নন্দী
অধ্যাপক, সংস্কৃত বিভাগ

কাকভেজা বৃষ্টির কোন এক বিকালে
বটের বুড়ির মতো তোর ভেজা চুল
যদি নেমে আসে আমার শরীর বেয়ে
আমিও মাটির মতো নরম হতে রাজি ।

গাছের কোটরে ডানা ঝাপটায় পাখি
আমাদের শরীর জুড়ে জড়িয়ে থাকে আদর
পায়ের তলার উষ্ণতা আমি ভাগ করে নিতে জানি ।

হাটখোলা আকাশের নিচে
তোর এলোচুল বেয়ে সন্ধ্যা নামে
গোধূলির রঙ মিশে যায় তোর চোখের তারায়
পূর্ণিমার লাজুক চাঁদ আমার হাতের পেয়ালায়
সুধামৃত বা গরলপানে আমি আকর্ষণ পিয়াসী ।।

আপনি পহেচান

প্রীজিত ঘোষ
অধ্যাপক, ফিজিওলজি বিভাগ

জিঁদেগি চলতি রহে রেল কি পটরি কি तरहा,
स्टेशन तो आते याते है—
कितने सारे लोग मिलते है जिंदेगि मे,
पर सिर्फ एकहि रहै याते है ।।
खुशिया आति है, गम भि आते है
पर सब भुलाके हम चलते याते है ।।
घर-पैसा-दोस्त आता है, याता है
रहा तो याता है सिर्फ जमिन-आसमान;
बात मेरि मानो, जिंदेगि बहत छोटि है—
बानाओ आज हि आपनि पहेचान ।।

মনটা জুড়ে

স্বরূপ হালদার
শিক্ষাকর্মী

গড়িয়ে দুপুর বাজায় নুপুর,
ঝাউয়ের বনে চৈতী হাওয়া,
বুকের ভেতর খুশির ফাগুন,
ঠিক যেন তা হারিয়ে পাওয়া।

পলাশ ফুলের রং বাহারি
কোকিল ডাকে বনের ছায়ায়,
জলে চলা লাজুক বধূর
আঁচল ওড়ে খোলা গায়ে।

পাখির ডানায় রাত নামে যেই
জোনাকি নাচে ঝোপে-ঝাড়ে।
আকাশ জুড়ে তারার মেলা
দুধ জোছনা নজর কাড়ে।

খুব চেনা এই ফুল-পাখি-গাছ
মাটির সুবাস-খড়ের কুঁড়ে,
সেই তো আমার কিশোর বেলা
যা আছে এই মনটা জুড়ে।



ধান পার্বণ

স্বরূপ হালদার
শিক্ষাকর্মী

নতুন ধানের গন্ধে বাতাস উতলা হয়ে ওঠে,
দূর আগামীর স্বপ্নে বিভোর হাসি চাষীর ঠোঁটে।
হিম কুয়াশায় হাল্কা চাদর ঢাকল চারিধার,
চঞ্চলা মা লক্ষ্মী এলেন, জাগে চাষীর ঘর।

শূন্য ধানের ক্ষেতে বাতাস একলা ছুটে যায়,
নতুন ধানের পরব জাগে চাষীর আঙিনায়।
ধানের গোলায় সিঁদুর ফোঁটা, উঠোনে আলপনা,
খুশির হাসি ছড়িয়ে যত শিশুর আনাগোনা।

লক্ষ্য বিহীন চাষীর দুঁচোখ আনন্দ উচ্ছ্বাসে,
উঠলো ভোরে সুখ এসেছে দুখের বারোমাসে।
নবান্নতো নতুন ধানের একান্ত উৎসব,
শীর্ণ দুটি হাতে সে পায় অনন্ত বৈভব।

সন্ধ্যা নামে একটি দুটি তারার আলো জাগে,
নতুন ধানের গন্ধ ছড়ায় আগাম অনুরাগে।
ছড়িয়ে পড়ে চাষীর গাঁয়ে, ধানের গোলা জুড়ে,
হঠাৎ যেন লক্ষ্মী মায়ের বাহন এলো উড়ে।

চাষী বউ-এর কণ্ঠে নতুন ধানের আবাহন,
প্রার্থনা তার হোক না স্থায়ী এমন শুভক্ষণ।
বসুন্ধরার এ দান যেন রাখাে তাদের ঘিরে,
নবান্ন দিন কুটিরে তার আসুক ফিরে ফিরে।

কোথায় তুমি কল্পনা

সায়ন্তনী মুখোপাধ্যায়
অধ্যাপিকা, ভূগোল বিভাগ

কোথায় তুমি কল্পনা

সাহিত্যতত্ত্ব বিচারে তুমি তো মৌলিক শক্তি,
তুমি তো অস্তরের দৃষ্টি উন্মোচক,
তুমি মানে তো অন্যের অনুভূতিলোকে প্রবেশ,
তুমি মানে তো নিজের ভাবনাকে অন্যের মধ্যে সঞ্চারিত করে দেওয়া

শুধু অভিজ্ঞতা থেকে তো তোমার জন্ম নয়,
অভিজ্ঞতার সার অংশে আছো তুমি।
তুমি তো অনুভূত চিত্রের রূপকার,
সব রচয়িতা তো তোমার কাছে ঋণী

অথচ নেই আজ তুমি আমার কল্পলোকে।
নেই কোনো রং তুলি,
নেই আনন্দ নেই প্রকৃতির আর্শি,
যা আমার সবচেয়ে প্রিয় অনুভূতি


পরিবর্তে মিশে আছে ছন্দহীন ভাষাভঙ্গি।
এলোমেলোবোধ আজ তোমাকে রাখবে কে?
সাহিত্যতত্ত্বের কথায় তুমি তো বেখেয়ালি হলে চলবে না!
কল্পনার রসে জারিত করে করেই তো সাহিত্যের সৃষ্টি,
কিন্তু কল্পনা আর চিন্তার মিশ্রণ ঘটেনি আজ,
তাই দুচোখে শুধু বৃষ্টি



Mongala Haldar
2nd Year,
Dept. of Bengali



Madhurima Paul
1st Year,
Dept of English




Ahana Guin
1st Year, Dept of Botany




Ahana Guin
1st Year, Dept of Botany

Sandipa Bhowmick
1st Year, Dept of Geology



Sandipa Bhowmik
1st Year, Dept of Geology



Aishwarya Bhattacharya
1st Year, Dept of Geology

লিখবো না ভেবেছিলাম

সব্যসাচী সরকার

ভূতপূর্ব অধ্যাপক, আই. আই. টি., কানপুর,
অবৈতনিক অধ্যাপক, আই. আই. ঙ্গ. এস. টি., শিবপুর।

কয়েক বছর ধরেই ঘটনাগুলি ভাবছিলাম, কিন্তু সময় পাইনি বিষয়টা স্বচ্ছ দৃষ্টিকোণ নিয়ে ব্যাখ্যা করতে। এর মধ্যে অনেক নিয়মের পরিবর্তন হয়েছে। আমি বোঝাতে চাইছি ইনস্টেঙ্কচুয়াল প্রপারটি রাইট বিষয়ে এখন এমন সব আইন হয়েছে, যা চূড়ান্তভাবে বলতে গেলে বলা যেতে পারে যে এক ভাল স্বপ্ন এখন পেটেন্ট করা যায়। তাই ভাবলাম আমার পুরোনো গবেষণা প্রবন্ধগুলি একটু খুঁটিয়ে দেখলে কিছু তথ্য এ বিষয়ে পাওয়া যেতে পারে, যা হয়তো সেই রকম স্বপ্নের মূল হতে পারে। আজ রবিবার এরকম এক ভাবনা নিয়ে দিন আরম্ভ করার কথা ভেবে আজকের বর্তমান পত্রিকার রবিবারের পাতায় চোখ দিতেই আচার্য জগদীশচন্দ্র বসুর বেদনা ও যন্ত্রণার কাহিনিগুলি পড়ে আমার সিস্টার নিবেদিতার একটা কথা মনে পড়ে গেলো— তিনি আচার্যকে তাঁর যেসব গবেষণা প্রবন্ধগুলি চক্রান্তের জন্য পাবলিশ হয়নি, তা বই-এর আকারে পাবলিশ করতে অনুরোধ করেন। জড়ের কি প্রাণ আছে-গাছপালা, ধাতু বা পাথরের মত যৌগ পদার্থ কি জীবন্ত জীবের মত নড়াচড়া করতে পারে — তাঁর বইয়ের এই তথ্যগুলি কোন জার্নালের বিদ্রোহপূর্ণ রিভুয়ের জন্য না ছাপা হয়ে থাকেনি। তাই আজ গাছপালার প্রাণ আছে আমরা তা জানি আর ধাতু বা পাথর সম-যৌগ-অণুবিশিষ্ট পদার্থগুলির স্মার্ট গুণগুলি প্রায় জীবন্ত প্রাণীর বুদ্ধিযুক্ত ব্যবহারের সমান সেটাও বুঝতে পারছি। আচার্য জগদীশচন্দ্র বসু যে এ বিষয়গুলির আবিষ্কারক এটা বিশ্ব আজ স্বীকার করে। সিস্টার নিবেদিতা যা বলেছিলেন সেটা বহু বছর পরে আমেরিকার বিখ্যাত জার্নাল, সায়েন্সের এডিটর, “ইনডিউসড্ ফিট থিওরী” খ্যাত অধ্যাপক খোসল্যাণ্ড এক সম্পাদকীয় লিখেছিলেন যে অনেক যুগান্তকারী গবেষণা তাঁরা পাবলিশ করতে পারেন না। কি কারণে এডিটর হিসাবে তারা সেটা পারেন না সেই বাধ্যতামূলক কারণগুলি লেখা যাবে না বলে তিনি পরামর্শ দিয়েছিলেন যে, এরকম যুগান্তকারী গবেষণা বইয়ের আকারে প্রকাশিত করা বুদ্ধিমানের কাজ। নিউটন এটা হয়তো আগেই বুঝতে পেরেছিলেন, তাই তাঁর উপলব্ধিগুলি তিনি প্রিন্সিপিয়া ম্যাথেম্যাটিকা নামে এক বইয়ের আকারে প্রকাশ করেন। পরাধীন ভারতে এরকম প্রবন্ধের বিদ্রোহপূর্ণ রিভুয়ের আরো ঘটনা আছে। বিলেতের ফিলোজফিক্যাল ম্যাগাজিন সত্যেন বোসের প্রবন্ধ না ছেপে ফেরত দিয়েছিলো। তিনি পেপারটা আইনস্টাইনকে পাঠালেন ফিলোজফিক্যাল ম্যাগাজিনের ফেরতের কারণ জানতে। পরিষ্কার লিখলেন যে, যদি কিছু ভুল থাকে তা একটু দেখে দিতে। উত্তরে আইনস্টাইন ক্ষমা চেয়ে লিখেছিলেন যে প্রবন্ধে কোনো ভুল না থাকায় তিনি সেটি জার্মান ভাষায় অনুবাদ করে সত্যেন বোসকে না জানিয়ে এক জার্মান পত্রিকা, যাতে তিনি নিজের প্রবন্ধগুলি প্রকাশিত করেন, সেখানে পাঠিয়ে দিয়েছেন। সেই পত্রিকার এডিটর এই প্রবন্ধটি পেলেন, যেটি আইনস্টাইন রিভুয়ু করে প্রকাশিত করার জন্য নিবেদন করেছেন। ওই প্রবন্ধ এক নতুন যুগের সূচক হিসেবে প্রকাশিত হবার সঙ্গে সঙ্গে আইনস্টাইন সে বিষয়ে আরো কিছু তথ্য সংযোজন করে সত্যেন বোসের সঙ্গে আরো নতুন প্রবন্ধ প্রকাশিত করাতে সমষ্টিগত সেই গবেষণার ফল হিসেবে সৃষ্টির অনেক মূল কণার নাম “বোসন” হিসেবে গুরুত্ব পেলে। এই বিশ্বে ভগবানের সৃষ্টির প্রথম কণারও জাতগোত্র

এই নামেই স্বীকৃতি পেলো। আচার্য সত্যেন্দ্রনাথ বোসের এই ঘটনার পরে প্রফেসর রমনকে সাহায্য করেন প্রফেসর মেঘনাদ সাহা। তাঁর গবেষণা প্রবন্ধটিকে শীঘ্রতার সঙ্গে প্রকাশিত করার জন্য শুধুমাত্র তাঁর গবেষণা প্রবন্ধটিকে নিয়ে ইণ্ডিয়ান জার্নাল অফ ফিজিক্সের এক বিশেষ সংখ্যা প্রকাশিত হলো। কয়েক পাতার নিবন্ধ এক বইয়ের আকারে প্রকাশ করা যায় না, তবে এডিটরের সঠিক মূল্যায়নে প্রবন্ধ সহজেই প্রকাশিত হয়ে থাকে। এ সবই ইনস্টিটিউট প্রপার্টি রাইটের অন্তর্গত, তবে আবিষ্কারের ফলে যদি কোনো বিশেষ কার্যে তা ব্যবহার করে প্রভূত ধন উপার্জনের দরজা খুলে যায়, সেটা গবেষণা প্রবন্ধটির রচয়িতার উপরি পাওনা। এটা করতে গেলে পেটেন্ট করতে হয়। যে বিশ্ব পরিচিত নামগুলির বর্ণন আমি এখনো পর্যন্ত করেছি তাঁরা কেউ পেটেন্ট-এ আস্থা রাখেননি। তাঁরা সবাই সরস্বতীর বরপুত্র, নিজেদের আবিষ্কারগুলি বাস্তববন্দী করে মোটা টাকার পরিবর্তে সেগুলি বেচার চেষ্টা তাঁরা করেননি। এখন অবশ্য আমরা স্বাধীন হয়েছি। আমরা অনেক পরিবর্তিত মেজাজের লোক। অন্যের গবেষণা স্বীকৃতি না দিয়ে বরং কাজ চুরি করে নিচ্ছি। এবারে নিজের একটা খারাপ অনুভূতির কথা লিখে এই লেখা শেষ করছি। যদিও আমার এই গবেষণা মেদিনী কাঁপানো কাজের মধ্যে পড়ে না, তবুও কাজটা ২০০৫-এ পদার্থবিদ্যার এক জার্নালে প্রকাশিত করেছিলাম, যখন নেচার পত্রিকা এটি না ছেপে ফেরত দিয়েছিলো। এই কাজটির বিশিষ্টতার মাপদণ্ডে দিল্লীস্থিত কয়েকটি দৈনিক পত্রিকায় সেই বিষয়ে আমার ইন্টারভিউ প্রকাশিত হয়েছিলো যা এখনো সার্চ ইঞ্জিনে খোঁজ করলে কম্পিউটারে পাওয়া যাবে। ডিএসটি প্রযোজিত এক ইউ-টিউবে আবিষ্কারটির ডকুমেন্টেশন আজও আছে। জিনিসটি তেল পুড়িয়ে কাজল তৈরীর কাহিনি, কিন্তু তার মধ্যে ন্যানো মাপের কার্বন আছে, সেটাই আবিষ্কার। ২০০৭-এ এক আমেরিকান মোমবাতি পুড়িয়ে ন্যানো মাপের কার্বন তাতে খুঁজে পেলো। তার কাজ আমার কাজ থেকে দু-বছর পরে প্রকাশিত, তাই আমি তাকে লিখেছিলাম যে, এটা তো আমি আগেই দেখিয়েছি। উত্তরে তিনি আমার পেপারটা করতে মিস করেছেন বলে কথা দিয়েছিলেন যে, এ বিষয়ে আর তিনি কিছু লিখবেন না। এরপর দুটি মজার কথা— প্রথমত বিখ্যাত নেচার পত্রিকাতে অ্যামেরিকান-এর কাজের ভূয়সী প্রশংসা করে হাইলাইট করা হলো। এই সময় আমি সম্পাদক মহাশয়কে লিখেছিলাম যে এই কাজটাই আমি আপনাদের পত্রিকাতে প্রকাশনের জন্য ২০০৪ সালে পাঠিয়েছিলাম কিন্তু সেটা আপনারা ছাপেননি। কারণ লিখেছিলেন যে কাজটা সেরকম নয়। আর আজ তিন বছর পরে আপনারা ঠিক ওই রকম কাজকে উচ্ছ্বসিত প্রশংসা করছেন। আপনাদের আর্কাইভে দেখুন যে আমার পেপারের ম্যানাসক্রিপ্ট রাখা আছে। সম্পাদক মহাশয় এর জবাব আজও পাঠান নি। এবার দ্বিতীয় আফ্লেপ — দুটি আই. আই. টি. ও একটি আরও পুরানো বেশ নামী কেন্দ্রীয় গবেষণাগার থেকে তেল পুড়িয়ে তিনটি পেপার ছাপা হয়েছিল ২০০৯, ২০১১ ও ২০১২-তে, ঐ ন্যানো কার্বন তৈরীর কথা। এরা সবাই বঙ্গসন্তান আর এরা আমেরিকানটির কাজের বিষয়টি তাদের লেখায় উল্লেখ করেন, তবে আমার ২০০৫-এর কাজটির কোনো উল্লেখ নেই। ইন্টারনেট পুরনো ডেটা মুছে ফেলতে পারে না, তাই কাজল, ন্যানোকার্বন আর আমার নাম দিলেই গুগল সব তথ্য উগরে দেবে ইনস্টিটিউট প্রপার্টি রাইটের সাক্ষী হিসেবে। অতঃ কিম্।

মীনার সাইকেল

প্রীতিলতা বৈদ্য
প্রথম বর্ষ, বাংলা বিভাগ

ক্রিং ক্রিং, ক্রিং ক্রিং, ক্রিং ক্রিং, ওফ হো, লোকটা কি কানে কম শোনে? এবার একটু বিরক্তই হল মীনা। সাথে সাথে কাঁধে একটা মৃদু ধাক্কা আর মা'র গলার আওয়াজ— “কটা বাজে কোনো খেয়াল আছে?” চোখ খুলে মীনা দেখল মা সামনে দাঁড়িয়ে— “আজ পড়তে যাবি না তুই?” তড়াক করে বিছানা থেকে উঠে বসে ঘড়িটার দিকে তাকাল মীনা। ওহো, ছ'টা পনেরো বেজে গেছে, সাড়ে ছ'টা থেকে পড়া। তাড়াতাড়ি ব্রাশ করে বেরিয়ে পড়ল সে। আজ আর ব্রেকফাস্ট করার সময় নেই। পড়তে গেল বটে, কিন্তু আজ যে কি পড়ানো হল তা মীনার মাথার ওপর দিয়ে বেরিয়ে গেল।

ওফ আজকের স্বপ্নটার কথা ভুলতে পারছে না সে। মা আচমকা ঘুমটা ভাঙিয়ে দিল। আচ্ছা, স্বপ্ন এতো পরিষ্কার হয়? কি সুন্দর গোলাপী রঙের সাইকেল, এমনই একটা কেনার ওর কতদিনের ইচ্ছে! কিন্তু বাবা বলেছেন, মাধ্যমিকের রেজাল্ট ভালো করলে তবেই সাইকেল কিনে দেবেন। অথচ সে তো এখনও অনেক দেরি। মীনা যেন আর অপেক্ষা করতে পারছে না, বিশেষ করে আজকের স্বপ্নটা দেখার পর থেকে। ও ঠিক করল এবার থেকে কিছু কিছু করে টাকা জমাবে।

যেমন ভাবনা তেমন কাজ। জন্মদিনে আত্মীয়দের কাছ থেকে কিছু টাকা পেল মীনা। তারপর রাখী পূর্ণিমা, ভাইফোঁটাতে দাদা অন্য কিছু উপহারের বদলে টাকা দিলে মীনা বেশ খুশিই হল। স্কুল টিফিনের জন্য মা খাবার বানিয়ে দেওয়ার চেয়ে হাতে টাকা দিলে মীনা বেশিই আনন্দিত হয়। আজকাল সে টিফিনের টাকা থেকেও জমাতে শুরু করেছে। এভাবে ভালই কাটছে। হঠাৎ একদিন সকালে দিদা বেশ অসুস্থ হয়ে পড়লেন। মা আর বাবা দিদাকে নিয়ে চললেন ডাক্তারের কাছে। আজ আর মীনা স্কুলে গেল না। বসে বসে জমানো টাকাটা গুনল। সাড়ে চার হাজার টাকা। আরও কিছু জমাতে হবে। ওইরকম সাইকেলের দাম কত হবে, এইসবই আন্দাজ করছিল সে। হঠাৎ কলিংবেল বেজে ওঠায় জানালা দিয়ে মুখ বাড়িয়ে ও দেখল বিমলা মাসি গেটের কাছে দাঁড়িয়ে আছে। “আজ কাজ করতে হবে না মাসি, বাড়িতে কেউ নেই”— বলতে বলতে মীনা দেখল বিমলা মাসির চোখে জল। “একি! কি হয়েছে, মাসি কাঁদছে কেন?” বিমলা মাসি কাঁদতে কাঁদতে জানালো যে ওর ছেলে খুব অসুস্থ, আজ তার অপারেশন। তাই কিছু টাকা ধার নেওয়ার জন্য ওদের বাড়িতে এসেছে। “কিন্তু মাসি, কেউ যে এখন বাড়িতে নেই। মা আর বাবা দিদাকে নিয়ে ডাক্তারের কাছে গেছেন। আচ্ছা দাঁড়াও, মাকে ফোন করে দেখছি। হ্যালো মা, তোমরা কোথায় আছো? বিমলা মাসি এসেছে, ওর ছেলে খুব অসুস্থ, তাই কিছু টাকা ধার চাইতে।” মা বললেন, দিদা তো খুবই অসুস্থ হয়ে পড়েছেন। ওঁকে নিয়ে সকলে ব্যস্ত। বিমলা মাসি যেন পরে আসে।” মীনা বলল, “মাসি তুমি কিছুক্ষণ পরে এসো।” বিমলা মাসি চোখ মুছতে মুছতে চলে গেল। মীনার মনটা খুব খারাপ হয়ে গেল। সত্যিই মাসি খুব অসহায়। একলা বিধবা মহিলা ছোট ছেলেটাকে নিয়ে থাকে। এ বাড়ি ওবাড়ি কাজ করে কোনোরকমে সংসার চালায়। এই তো সেবারে স্বামী মারা যাওয়াতে মাসি খুব ভেঙে পড়েছিল। এখন যদি ছেলেটার কিছু হয়ে যায়! না, আর ভাবতে পারে না মীনা। মা আর

একবার ফোন করল মীনাকে। বলল বাড়ি ফিরতে রাত হতে পারে, ও যেন সাবধানে থাকে। দুপুরে বিমলা মাসি আর একবার এলো। কিন্তু আর কিছু বলল না। কলিং বেল বাজিয়ে চুপ করে গেটের কাছে দাঁড়িয়ে রইল। মীনার মনটা হঠাৎ কেমন করে উঠল। ও মাসিকে ভেতরে ডেকে জমানো টাকাটা মাসির হাতে দিল, বলল — “মাসি, মা এসেছিল। এই টাকাটা আমার কাছে দিয়ে বলে গেছে তুমি এলে তোমাকে দিয়ে দিতে।” টাকা হাতে নিয়ে মাসি নিঃশব্দে বেরিয়ে গেল ঘর থেকে। মাসির মুখের দিকে যেন তাকাতে পারে না মীনা। কেঁদে কেঁদে চোখ দুটো অস্বাভাবিক রকমের ফুলে গেছে।

সে দিন অনেক রাত করে মা আর বাবা বাড়ি ফিরলেন। বিমলা মাসির কথা জানতে চাইলে মীনা জানাল যে, তাদের না পেয়ে মাসি ফিরে গেছে। তারপর দু’দিন কেটে গেছে; মাসির কোনো খবর নেই। তৃতীয় দিন সকালে মাসি যখন এল; তখন তার মুখ থেকে দুশ্চিন্তার মেঘ অনেকটা সরে গেছে। মাসি জানালো যে তার ছেলে এখন আগের থেকে ভালো আছে। আর সে মাঝে মাঝে কাজ করে যা মাইনে পাবে, তা দিয়ে ধার শোধ করে দেবে। এ কথা শুনে মীনার মা তো অবাক! কিসের টাকা! কোন ধার শোধ করার কথা বলছে বিমলা! মীনা সমস্ত কথা খুলে বলল মাকে। সে কথা শুনে বিমলা মাসি হঠাৎ মীনাকে জড়িয়ে ধরে কেঁদে ফেলল। ও অনেক লোকের কাছে হাত পেতেছিল, কিন্তু সবাই ফিরিয়ে দিয়েছিল। মীনাকে আশীর্বাদ করে, সে বলল, “তুই আমার ছেলেকে আমার কাছে ফিরিয়ে দিয়েছিস মা। বেঁচে থাক, অনেক বড়ো হ, মানুষের মতো মানুষ হ।” বলতে বলতে, কান্নায় গলা বুজে আসে তার। মীনাও বুঝতে পারেনি কখন ওর চোখে জল চলে এসেছে। নিজেকে সামলে নিয়ে ও বলল, “মাসি, ওই টাকাটা আমি তোমাকে ধার দিইনি, তাই আর শোধ দিতে হবে না। শুধু আমাকে আশীর্বাদ করো যেন জীবনে অনেক বড়ো হতে পারি”।

সামনে মীনার মাধ্যমিক পরীক্ষা। যেভাবেই হোক ওকে ভালো রেজাল্ট করতেই হবে। এ যেন তার জীবনের একটা লড়াই। দিনরাত অনেক খেটে পড়ছে সে। পরীক্ষাও বেশ ভালোই হলো। অবশেষে সেই চির-আকাঙ্ক্ষিত রেজাল্টের দিন এল। রেজাল্ট হাতে বাড়ি ফিরে মীনা দেখল বিমলা মাসি তখনও বাড়ি যায়নি। তার রেজাল্টের খবর শুনবে বলে বসে আছে। তিনটি বিষয় লেটার মার্কসসহ ফার্স্ট ডিভিশনে স্টারমার্কস পেয়ে পাশ করেছে ও। বাবা, মা খুব খুশি, আর বিমলা মাসিও। সেদিন যদি ও টাকাটা দিয়ে মাসিকে সাহায্য না করত, তাহলে হয়তো মাসির এত বড়ো আশীর্বাদ থেকে ও বঞ্চিত হত। “বড়ো হ, মানুষের মতো মানুষ হ” মাসির এই কথাগুলো ওর সফলতার চাবিকাঠি। বাবা-মা-র পাশাপাশি মাসিকেও প্রণাম করল সে। মা মুখ টিপে হাসছিলেন— প্রণাম সেরে চোখ তুলতেই মীনা দেখলো, একটা নতুন গোলাপী লেডিস সাইকেল সিঁড়ির তলা থেকে, যেন ওর দিকেই তাকিয়ে আছে।

মিরাক্‌ল্‌ এস্‌কেপ

তনুশ্রী মিশ্র
অধ্যাপিকা, অর্থনীতি বিভাগ

|| ১ ||

25th April, 2016 :

“The subscriber can not be reached at the moment, please dial after some time”, “ইয়ে নম্বর অভি পরিষেবা সীমা কে বাহার হে, কৃপায়ে কুছ দেব বাদ কোশিশ করে”, এর পর নেপালী ভাষায় বোধহয় আবার একই কথা বলল।

যতবার এই কথাগুলো শুনছি টেনশন আরো বাড়ছে।

আর একবার চেষ্টা করি, ডায়াল করলাম —

রিং হচ্ছে.....

দু-বার রিং হতেই ভাই ফোনটা ধরল —

“হ্যালো”

আমি টেঁচিয়ে বললাম — “হ্যালো, কিরে কোথায়? সব ঠিক আছে তো? বাবা কোথায়?

বাবা ঠিক আছে তো? তোরা দু-জন ঠিক আছিস তো?”

“সব ঠিক আছে, টেনশন করিস না, আমরা ঠিক আছি, মা কে বলে দে, এখন আমরা পশুপতিনাথ টেম্পলে আছি।”
— ভাই বলল।

“আচ্ছা। কী ভাবে তোরা এখানে এলি?”

“সে অনেক কথা, বাড়ি গিয়ে সব বলব। ফোন তো কিছুতেই লাগছিল না.....

ফোনটা কেটে গেল। ধূর!

কিন্তু এইটুকু কথাতেই আবার স্বাভাবিক জীবনে প্রবেশ করতে পারলাম, ছুটে গিয়ে মাকে সব বললাম। মা এর blood pressure আবার 120/80 হল। মা ঠাকুর ঘর থেকে বেরিয়ে রান্নাঘরে গেল।

ঘটনাটি আর কিছুই নয়।

ভূমিকম্প।

নেপালের কাঠমাণ্ডুতে ভূমিকম্প হয়েছে।

সময় 11:30 IST (A.M.)।

রিখটার স্কেলে তীব্রতা 7.8।

কলকাতাতে বসে আমরা টেনশনে ঘেমে যাচ্ছি, তার কারণ, বাবা আর ভাই গতকাল কাঠমাণ্ডুতে গেছে। ভূমিকম্প

সম্পর্কে শুনেছি, একটুখানি দুর্লুনি অনুভব করলে নিজেকে লাকি মনে করেছি, কিন্তু ভূমিকম্প যে আসলে কী, কেমন, ভূমিকম্পের মধ্যে থাকলে কী অনুভব হয় তা শুনলাম নিজের বাবা আর ভাইয়ের কাছ থেকে।

॥ ২ ॥

27th April, 2016 : রাত 11টা :-

আমরা সবাই ডিনার টেবিলে।

বাবা আর বাবলা বাড়ি ফিরেছে মিনিট আগে।

বাবার চোখ মুখ অনেক বেশি শুকনো আর কুঁচকে গেছে মনে হল, অত্যন্ত ঠাণ্ডাতে এরকম হয়েছে। সারা মুখে দু-দিনের দাড়ি ভর্তি।

ভাই বলল — “দ্যাখ, এখনও গায়ের লোমগুলো খাড়া হয়ে যাচ্ছে, তোকে পুরো গল্পটা বলতে গিয়ে”।

বাবা বললেন — “জীবনে প্রথমবার এইরকম জিনিস দেখলাম — ভূমিকম্প”।

এইখানে বলে রাখি, বাবা আর ভাইকে কাঠমাগুতে যেতে হয়েছিল একটি official invitation-এ। ৪ বছর পর ও Mumbai-তে চলে আসে। কাঠমাগু ছেড়ে পুরোপুরি চলে যাওয়ার আগে, একদিন কাঠমাগুর আকর্ষণীয় ও নৈসর্গিক স্থানগুলি ভ্রমণ করতে অনুরোধ করেন ভাইয়ের কলিগরা। তাই বাবার কাঠমাগু যাত্রা ভাইয়ের সাথে।

॥ ৩ ॥

আমরা দুজনে হোটেল তহমা’তে উঠলাম। ‘থামেলে’ এয়ারপোর্ট থেকে মোটামুটি ১ ঘন্টা ৩০ মিনিট দূরত্বে। বেশ ঠাণ্ডা, রাতে তিন-চার টেম্পপারেচার হয়ে যাচ্ছে।

খুবই দারুণ দেখতে লাগছে কাঠমাগু। মেঘলা আকাশ সবসময়। হোটেলটির সব ব্যবস্থা খুবই প্রশংসনীয়। যদিও ৩-তারা হোটেল, কিন্তু ৫-তারার থেকে কম লাগছিল না। দুপুরে লাঞ্চ ছিল GTL-এ (ভাইয়ের অফিস), খুব ভালো আতিথেয়তা ছিল। কাল Dinner-এ invite করলেন বাবলার একজন Senior Officer।

আমরা প্ল্যান করলাম কাল সকালবেলাটা পুরো ঘুরবো, সবার আগে পশুপতিনাথ টেম্পল, রাতে official dinner দিয়ে দিনটা শেষ করব। আর তার পরদিন ব্যাক-টু-কলকাতা।

প্ল্যান অনুযায়ী তো সবকিছু তো আর হয় না।

25শে এপ্রিল সকালবেলাটা শুরু হয়েছিল খুব রাজকীয়ভাবে। ঘুম ভাঙ্গল সাড়ে ৬ টাতে। ফ্লোর হিটার সারা রাত চলতে থাকায় হোটেল রুমটি বেশ আরামদায়ক লাগছে। বাইরে পুরো কুয়াশা ঢাকা।

সকালবেলা গরম জল আর বড় কাচের বাটি করে গরম মাশরুম স্যুপ দিয়ে গেল স্টাফ।

এখানে ঠাণ্ডা জল খাওয়া যায় না। তারপর চা।

মাশরুম স্যুপটা দুর্দান্ত লাগল। এরপর স্নান করে রেডি হয়ে নিলাম আমরা।

ভেজ পরোটা দিয়ে ব্রেকফাস্ট সেরে একটা গাড়ি করে বেরিয়ে পড়লাম।

গন্তব্য পশুপতিনাথ টেম্পল। সকাল ১১টা এখন। তাড়াতাড়ি পৌঁছে যাব। আমাদের ড্রাইভার একজন নেপালী। খুবই স্বাস্থ্যবান, লম্বা, চওড়া।

৩০ মিনিট গাড়িটা চলেছে হোটেল Tahoma ছেড়ে। আকাশটা মেঘলা। বেশ ঠাণ্ডা হাওয়া দিচ্ছে। আমরা sweater বা জ্যাকেট পড়িনি, আসলে দুপুরটা বাইরে হেঁটে চলে বেড়াব, গরম হতে পারে।

হঠাৎ গাড়িটা অদ্ভুতভাবে নড়তে লাগল। ডানদিকে বাঁদিকে, প্রচণ্ডভাবে ঝাঁকিয়ে দিতে লাগল। ঠিক সমুদ্রে যেরকম ঢেউ ওঠে, মাটিতে ওইরকম ঢেউ উঠতে লাগল। আর ঢেউয়ের উপরে গাড়িটা উপরে নিচে হতে লাগল।

ব্যাপারটা কী হচ্ছে, আমি তো প্রথমে ভাবলাম যে বোধহয় Terroist attack হয়েছে, তারা হয়তো বোমা ফেলেছে। বাবলা আমার হাতটা ধরে আছে, বলল, ‘বাবা এটা কী হচ্ছে’?

আমাদের ড্রাইভারকে দেখি হাউমাউ করে কাঁদতে শুরু করেছে।

কিন্তু সে গাড়ি চালিয়ে চলেছে, থামানোর কোন প্রশ্ন নেই। ইতিমধ্যে গাড়ির জানালা দিয়ে বাইরে দেখি বাড়িগুলো অদ্ভুতভাবে বেঁকে চুরে, ভেঙ্গে পড়ে যাচ্ছে সবাই চারিদিকে দৌড়ছে মাটিতে কেউ কেউ হামাগুড়ি দিচ্ছে। মহিলারা, বাচ্চারা সবাই কান্নাকাটি করছে, চিৎকার করছে.....

বাবলা বলে উঠল — ‘বাবা এটা ভূমিকম্প’!

118 11

ড্রাইভারটিকে ধন্যবাদ দিতে হয়। অনেকখানি চালিয়ে নিয়ে এসেছে। প্রথম এই ঝাঁকুনিটি ৩ মিনিট স্থায়ী ছিল। সেই তীব্র ঝাঁকুনিতেও গাড়ি চালিয়ে সে অনেকখানি এগিয়ে গিয়েছে। তবে এবার সে বলল — ‘আপলোগ উতর যাইয়ে ইহাঁপর, ম্যা ঘর যা রাহা হু’, — ড্রাইভার নিজের ইস্টনাম জপ করতে লাগল। কাঁদতে কাঁদতে সে বলতে লাগল, ‘পতা নেহি ঘর পে কিয়া দেখুঁগা’—

এবার আমরা নেমে পড়লাম, কারণ সামনে সার সার গাড়ি দাঁড়িয়ে রয়েছে, সামনে রাস্তা ভেঙ্গে গেছে একদিকে। চারদিকে লোকজন ছোটোছুটি করছে, সবাই একে অপরকে সাহায্য করছে। একজন বিদেশী আরেকজন বিদেশিনীকে কাঁধে করে দৌড়ছে, বিদেশিনীর মাথা, পা, ঘাড় থেকে রক্ত ঝরছে, ফেটে গেছে মাথা। আমি আর বাবলা একটু চারপাশ দেখতে গিয়ে বোধহয় কেমন হতবাক আর জড়-পদার্থ হয়ে গেছিলাম সন্নিহিত ফিরল যখন দেখি আবার রাস্তা, মাটি কাঁপছে, দাঁড়ানো যাচ্ছে না। হঠাৎ দেখি রাস্তাটা ফাঁকা হয়ে যাচ্ছে। কারো কারো দেখছি ওই ফাঁকটাতে পা ঢুকে গেছে, তারা পরিত্রাহি চিৎকার করছে। আমি আর বাবলা ফাটলের ওপাশে সরে গেছি, কিন্তু ব্যালাস রাখতে পারছি না। এইসময় আর মাথা ঠিক রাখতে পারছি না। একি পৃথিবী ধ্বংস হতে চলল নাকি। কিছু বুঝতে পারছি না, একটু আগে তো ভূমিকম্প হল, আবার শুরু হল কেন? বাবলা আমাকে জড়িয়ে ধরেছে, আমি চণ্ডীপাঠ করতে শুরু করেছি, চারপাশে কী দৃশ্য দেখছি!! একজনের ভদ্রলোকের পা, কোমরের তলার অংশ চাপা পড়ে গেছে, একটা বাড়ির দেওয়াল এসে পড়েছে ওর উপর। ভগবান! তখন দেখি পাশে একজন নেপালী ভদ্রলোক হিন্দিতে বলছেন “বইহুঁ যাইয়ে, বইহুঁ যাইয়ে” সেই লোকটি নিজেও মাটিতে উবু হয়ে বসে আছে। আমরাও বসে পড়লাম, মাটিতে বসে বসে একটু একটু করে এগোচ্ছি।

এইভাবে বোধহয় ঘন্টাখানেক কাটলো। ভূমিকম্পের পরে যে ঝাঁকুনিগুলো আসতে থাকে সেগুলোকে বলা হয় ‘Aftershock’, সেটা পরে জেনেছি। আমরা এবার উঠে দাঁড়িয়েছি। রাস্তার পাশে একটা ফুটপাত রয়েছে, সেটা ধরে হাঁটছি। ফুটপাতটা ৬ ফুট চওড়া হবে। ফুটপাতের ধারে টানা দেওয়াল রয়েছে।

হঠাৎ আবার ঝাঁকুনি। দুজনে ফুটপাত থেকে লাফিয়ে নিচে নেমেছি, আর পুরো দেওয়ালটা ফুটপাতের উপর ‘শুয়ে’ পড়ল বলা ভালো।

উফফ, কী অবস্থা, আরেকটু হলেই আমরা বাবা, খুব জোর বেঁচেছি!

এরপর, অনেকক্ষণ আর কোনো ঝাঁকুনি নেই, আমরা হাঁটতে হাঁটতে অনেকটা এগিয়ে গেছি। সামনে পশুপতিনাথ টেম্পল।

|| ৫ ||

কাতারে কাতারে নারী-পুরুষ মন্দিরে ভিড় করে রয়েছে। Mobile-এ কোনো signal পাওয়া যাচ্ছে না। অদ্ভুতভাবে দেখি পশুপতিনাথ মন্দিরে কোনো সেরকম প্রভাব পড়েনি ভূমিকম্পের। লোকে লোকারণ্য। সবাই এখানেই বোধহয় আশ্রয় নিয়েছে। এদিকে বিকেল হয়ে গেছে। এখন হোটেলের দিকে রওনা দেবো ভাবছি। কিন্তু কিভাবে — ? মন্দিরের বাইরে বেরিয়ে আসি আমরা, একটাও গাড়ি নেই। চারপাশে ভাঙ্গাচোরা দোকানপাট। আস্তে আস্তে এগিয়ে চলেছি। এদিকে ঠাণ্ডা জাঁকিয়ে পড়েছে। খুব শীত করছে। গরমের পোশাক কিছু পড়িনি। ঠাণ্ডার অনুভূতি এতক্ষণ হয়নি, ভূমিকম্পের কম্পনই যথেষ্ট ছিল। এখন দাঁত কপাটি লেগে যাচ্ছে। আবার সেই সকাল ৯টার পর একগ্লাস জলও খাইনি আমরা। ক্ষিদে, তৃষ্ণা কোনকিছুই মনে পড়েনি। রাত বাড়ছে।

আমরা হেঁটেই চলেছি। কনকনে ঠাণ্ডা। এখন আর কোন উপায় নেই হোটেলে ফিরবার। সামনে একটা ছোটো Guest-house মতো দেখতে পেলাম।

বাইরে খোলা ফাঁকা জায়গায় সব লোকজন বসে আছে। কেউ ঘরের ভিতরে যাচ্ছে না।

আমরা একটা রুম চাইলাম যখন, Reception -এর লোকটি অবাক হয়ে বলল রুম নিয়ে কী করবেন, পুরো হোটেল এখন ফাঁকা, সবাই বাইরে আছে। কেউ রিস্ক নিয়ে আর ঘরে বসে থাকবে না, থেকে থেকেই After shock আসছে। যাইহোক, আমরা একটা রুম নিলাম, কিন্তু থার্ড ফ্লোর।

যাকগে, আমরা রাতটা কাটাবো শুধু। এদিকে ক্ষিদেতে মাথা যন্ত্রণা করছে।

হাড় কাপানো ঠাণ্ডা বাইরে, কথা বলতে পারছি না। Guest-house-এ কোনো খাবার নেই, সব লোক পালিয়েছে নাকি। আমরা Guest-house থেকে বেরিয়ে রাস্তায় খুঁজতে বেরোলাম যদি কোনো খাবার পাওয়া যায়। সব দোকান বন্ধ।

একটা ধাবা মতন নজরে পড়ল। আলো জ্বলছে। ভিতরে দু-একজন দেখা যাচ্ছে। আমরা হাতে চাঁদ পেলাম। জিজ্ঞেস করলাম কিছু খাবার হবে কিনা। আমাদের জন্য রান্না করতে রাজি হল। গরম গরম ভাত, দারুণ সয়াবিনের তরকারি, ডালফ্রাই আর স্যালাড। দারুণ ডিনার। কিন্তু ঠাণ্ডাতে পুরো জমে যাচ্ছি। আমি হোটেলের ছেলেটিকে বললাম একটা Sweater Jacket যদি extra থাকে। ছেলেটি জানাল ওর একটাই আছে, আর ও সেটা পরে আছে। কি আর করা যাবে। আমরা ধাবার দরজাটা বন্ধ করে দিলাম। ঠাণ্ডা হাওয়াটা হাড় কাঁপিয়ে দিচ্ছিল। রাত তখন ১১টা হবে।

Guest-house-এর সামনে এসে দেখি সবাই বাইরে বসে আছে।

কেউ ঘরের ভিতরে যাচ্ছে না।

কিন্তু আমরা উপরে ৩-তলাতে নিজের রুমে যাব বলে ভিতরে ঢুকছি। তখন একজন নেপালী আরেকজন কে বলল — ‘আরে ও লোগ উপর কিউ যা রহে হে?’ তখন আরেকজন বলল — ‘যানে দো, মরেঙ্গে শালা’।

কথাটা আমার কানে এল। এতবড় কথা। ‘মরেঙ্গে’ হাম দোনো!!

কেমন যেন একটা কথা মনে হল।

বাবলা বলল — ‘আমরা কী উপরে যাব বাবা?’

আমি বললাম — ‘হ্যাঁ যাব’।

দুজনে দুটো খাটে শুয়ে আছি পাশাপাশি, সিঙ্গল খাট, একটা করে লেপ।

লেপটা ভালো করে মুড়ি দিয়ে চোখ বুজেছি আমরা। ঘন্টাখানেক হবে। হঠাৎ দড়াম করে আমাদের খাট গিয়ে ধাক্কা মারল সামনের দেওয়ালে।

বাবলা চিৎকার করে বলল — ‘বাবা, আবার , ওঠো’ —

আমি আর বাবলা দুজনে নামতে লাগলাম সিঁড়ি দিয়ে। সিঁড়ি কাঁপছে, ঐঁকে বেঁকে দুলছে বলা ভালো। তরতর করে সিঁড়ি বেয়ে নামতে যথেষ্ট মনোবল চাই। মা কালীর নাম জপ করতে করতে নামলাম।

বাইরে খোলা আকাশের নিচে বসে আছি দুজন। অন্য সবাইও বসে আছে। ঠাণ্ডাতে হাড়গুলোও ঠকঠক করে কাঁপছে। আমি বাবলাকে বললাম — ‘ওপর থেকে লেপদুটো নিয়ে আয় তো’। বাবলা দৌড়ে ওপর থেকে লেপ নিয়ে এল, লেপমুড়ি দিয়ে আমরা বসে আছি খোলা আকাশের নিচে। আমাদের দেখাদেখি আরোও দুজন ওপর থেকে লেপ নিয়ে এল। রাত দুটো। ঘুমে ঢুলছি দুজনেই। আর পারছি না। ধূর্। যা হবে হবে। আমি বললাম — ‘চল বাবা, আমরা উপরে যাই, আর পারছি না।’ বাবলাও আর পারছে না।

দুজনে ঘুমিয়ে আছি। এবার মোটামুটি ৫০ মিনিট পরে এল।

সব নড়ছে খুব জোরে। প্রচণ্ডভাবে দুলছে ঘরটা। দেওয়ালটা আমাদের উপরে পড়ে যাবে বোধ হয়। আমরা তরতর করে আবার নিচে নামতে লাগলাম।

ইতিমধ্যে বলতে পারি, আমাদের প্র্যাকটিস হয়ে গেছে কীভাবে দৌল্যমান সিঁড়ি দিয়ে তাড়াতাড়ি নামতে হয়। আবার বসে বসে ঢুলছি।

মিনিট কুড়ি হয়েছে। ভীষণ ঘুম পাচ্ছে আমার। খুব কষ্ট হচ্ছে এইভাবে বসে থাকতে। আবার আমরা উপরে গেলাম। আবার নেমেও এলাম ৪৫ মিনিট পর।

ভোর ৪টে বেজে গেছে। আর ভাল লাগছে না।

বাবলাকে বললাম — ‘চল, বাবা, আমরা বেরিয়ে পড়ি এখান থেকে’।

বাবলাও বলল — ‘হ্যাঁ চলো, ফ্লাইট আছে সকাল ৭টাতো’।

একটা ট্যাক্সি যোগাড় করতে হবে। বেশ খোঁজাখুঁজির পর একজনকে পেলাম।

ঘুমিয়ে ছিল ট্যাক্সির মধ্যে। রাজি হল। ৩ গুণ ভাড়া দিতে হবে। যাইহোক এই শহর থেকে বেরোতে হবে। এখন গন্তব্য থামেলের হোটেল Tahoma।

হোটেলের মার্বেলের মেঝেতে বিশাল ফটল। সব উল্টেপাল্টে গেছে। সাজানো গোছানো সবকিছু যেন কেউ নিষ্ঠুরভাবে এলোমেলো করে দিয়েছে।

তাড়াতাড়ি luggage নিলাম। এবার সোজা Tribhuban International Airport।

|| ৬ ||

কী ভিড়। কাতারে কাতারে লোক এসেছে Airport-এ। বাচ্চা, মহিলারা, foreign tourist-রা সবাই। সবাই যেন আজ একসাথে কাঠমাণ্ডু ছেড়ে বেরিয়ে যেতে চায়।

এদিকে ফ্লাইট ক্যানসেল।

কী অবস্থা!

বিভিন্ন প্রতিবেশী দেশ থেকে সহায়তা ফ্লাইট এসেছে।

নিজেদের লোকজনদের দেশে ফিরিয়ে নেওয়ার জন্য। সেনাবাহিনীর ফ্লাইট এসেছে, Rescue Team, Disaster management flight। মনে হল, সব থেকে বেশি সেনা এসেছে India থেকে। বেশ গর্বিত অনুভব করছি। ‘নেপাল আমরা আছি তোমার এই দুর্দিনে’ বলতে ইচ্ছে করল।

যাকগে, সবাইকে লাইনে দাঁড় করানো হচ্ছে। প্রত্যেকের ID-Card check করে flight-এ নেওয়া হবে। বিশাল লাইন। মহিলা ও বাচ্চাদের আগে flight-এ প্রবেশ করানো হবে। Senior Citizen-দের লাইনে আমাকে দাঁড় করানো হল। Special flight এসেছে Delhi থেকে।

ভারতীয়দের Voter-Id-Card চেক করে নিয়ে যাওয়া হবে সম্ভবত ওই flight-এ করে। সেনা-জওয়ানরা চিৎকার করে শৃঙ্খলাবদ্ধভাবে লাইন করাচ্ছে সবাইকে। বাবলা লাইনে দাঁড়িয়ে আছে দেখে একজন আর্মি অফিসার বললেন — ‘আরে, তুমি কিয়া লাইন মে খড়ে হো, সবকো লাইনমে arrange করো’। বাবলা তখন সেনা-জওয়ানদের সাথে জয়েন করে Volunteer-এর কাজ করতে শুরু করে দিল। সকাল তখন 11.30 হবে। হঠাৎ বনবান করে এয়ারপোর্টের সব কাচ দুলতে লাগল, কেঁপে উঠল, রেলিংগুলো ধরে দাঁড়িয়েছিলাম, থরথর করে কাঁপতে লাগল, স্টীলের রেলিং। সবাই একসাথে চিৎকার করে উঠল। মহিলারাই প্রধানত। বাবলাকে দেখলাম ও যে লাইনটা অ্যারেঞ্জ করছিল, সেখানে সবাই ভয়ে চিৎকার করতেই, বাবলা চৈঁচিয়ে বলে উঠল — “কছু নেহি হোগা, ডরিয়ে মত।”

সত্যি আমরা দু-জন যে ভাবে কাল রাতটা কাটলাম। এখন যেন এই Aftershock আর shocking লাগছে না।

এদিকে বেলা টা বাজে। আস্তে আস্তে লাইন এগোচ্ছে। এবার আমার পালা এয়ারক্রাফট-এ ঢোকার। এটা একটা cargo প্লেন। অর্থাৎ এগুলি আর্মিতে ব্যবহার করা হয়। Plane-এর ভিতরে বসার কোন সিট নেই। মাটিতে বসতে হবে। একদম সামনে ককপিটে বসে একজন আর্মি অফিসার। ইনি বোধহয় Army Pilot। Cargo প্লেন সাধারণত যাত্রীবাহী প্লেন-এর থেকে সাইজে অনেক বড়। ভিতরে প্রচুর জায়গা। বাবলা বলছিল এতে সাধারণত মিসাইল, বোমাট্যাঙ্ক, এইসব সরবরাহ করা হয়। সবাইকে দেখলাম মাটিতে বসে আছে। বাবলা এখনও আসেনি। আমি ভেতরে না গিয়ে বাইরে দাঁড়িয়ে রইলাম। প্রায় এক ঘন্টা কেটে গেল।

হঠাৎ দেখি বাবলা হস্তদস্ত হয়ে আসছে।

বলল — “বাবা তুমি এখনও দাঁড়িয়ে? কিছু খাওনি? আমার তো ভীষণ ক্ষিধে পেয়েছে, তোমার পায়নি?”

আমার খেয়াল হল আমরা কাল রাতে সেই ধাবাতে যা খেয়েছিলাম, আর কিছু খাইনি এখনও অবধি। দাঁতটাও মাজা হয়নি।

যাকগে, বাবা ছেলে ভিতরে ঢুকলাম। আমাদের cargoটি এবার দরজা বন্ধ করল। ভিতরে কয়েকজন সেনা জওয়ান উঠে এলেন।

ফ্লাইটটি টেক-অফ করল।

|| ৭ ||

আর্মি জওয়ানদের ব্যবহার খুব ভালো। আমাদের সবাইকে জল দিলেন, খাবার দিলেন। পরোটা আর আচার। পরোটাগুলো খুব মোটা মোটা ছিল। কিন্তু বেশ লাগছিল খেতে। সারাদিন পর এই খাবার এই আতিথেয়তা আর ভারত সরকারের এই সহযোগিতা ভুলবার নয়।

প্রায় তিন ঘন্টা পর ফ্লাইট আবার মাটি ছুঁল।

এ মাটি দেশের মাটি। শাস্ত। স্নিগ্ধ।

New-Delhi-India, Rajiv Gandhi Intenational Airport.

মনটা খুব খুশি।

Airport থেকে বেছে নেওয়া হল, যারা কলকাতা যাবেন।

তাদেরকে ‘বঙ্গভবন’ Guest-house, Govt. of India-তে নিয়ে যাওয়া হবে। দুর্দান্ত AC-বাসে করে আমরা Guest-house-এ এলাম। খুব দারুণ আয়োজন ও ব্যবস্থাপনা। খাওয়া-দাওয়া চরম।

দিনারে মাছ, ভাত, ডাল স্যালাড সবই ছিল।

কাল সকালে Delhi-to-Kolkata রাজধানী এক্সপ্রেসের টিকিট দেওয়া হবে বিনামূল্যে। দারুণ ব্যাপার।

কিন্তু বাবলা আর ট্রেনজার্নি করতে রাজি নয়। বলল — ‘ধূর’,

দু-দিন ধরে ভূমিকম্পের এই অত্যাচার সহ্য করে আবার দু-দিন ট্রেন জার্নি, অসম্ভব।”

তাই ফ্লাইট-এ যাত্রা করলাম।

|| ৮ ||

Times of India পেপারটা ডাইনিং টেবিলে পড়ে আছে। ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল কাঠমাণ্ডু থেকে একটু দূরে ‘পোখরাতে’। প্রায় ৪ হাজার-এর কাছাকাছি নিহত। পেপারটার দিকে ২ মিনিট তাকিয়ে ছিলাম।

ভাইকে বললাম — “সত্যি। ভূমিকম্পের মুখোমুখি হলি প্রথমবার....”।

ভাই বলল — ‘না, মৃত্যুর মুখোমুখি হলাম।

বলতে পারিস ‘মিরাকল্ সারভাইভাল’..... মিরাকল্ এস্কেপ্।

Nepal Earthquake : 25th April 2015.

Magnitude : 7.8

Total Damage : \$ 10 billion.

Casualties : 8,857 dead in Nepal and 8,964 in total.

: 21,952 injured, 3.5 million homeless.

Laughter ; The Best Medicine

Rajarshi Roy

Assistant Professor, Dept. of Botany

“When we went on a vacation two years ago, burglars broke in and stole Rs. 10,000/-. So, last year I got smart. I left all the lights on and turned on all the radios and T.Vs. The burglars were afraid to show up and didn’t get a rupee – but the electric supply got Rs. 5000/-

“Points to Ponder”

1. An ancient grand mother lived with her daughter and grandson. As she grew frail and feeble, instead of being a help around the house, she became a constant trial. She broke plates and cups, lost spoons and spilled water. One day, exasperated because the old woman had broken another precious plate, the daughter sent the grandson to buy his grand mother a wooden plate. The boy hesitated because he knew a wooden plate would humiliate his grandmother. But his mother insisted, so off he went. He returned bringing two wooden plates.
“I only asked you to buy one”, his mother said, “Didn’t you hear me?” “Yes,” said the boy. “But I bought the second one so there would be one for you when you get old.”
- 2) Some people are determined to be recognised as great. When they find that the world will not acknowledge them as the giants they claim to be, they will insist upon passing as the largest dwarfs on earth.
- 3) “Mobile” is not the end of the “Book”. The book has great advantages : intimacy, forcibility, accessibility ; its ability to reach into tyrannic countries, and be hidden under mattresses.

How Drama Therapy can help People with Autism?

Srayashi Ghosh

1st year, Dept. of English

We are all aware of autism. It is a serious disorder of communication present from early childhood. Children suffering from autism face a great difficulty in communicating and forming relationships. There are no medicines which can cure autism. But therapies can. Many therapies are there which can cure this disorder. One of them is drama therapy. This is a new treatment for autism and there are very few drama therapists.

As autism is a disorder of communication and interaction, drama helps them to communicate with others and also interact with people. It has been noted that autistic children have a very unique ability to repeat the words they hear, like they can recite big chunks of dialogue from T.V. shows and movies, with precisely the same intonation. This ability acts as a key ingredient in drama therapy. This ability helps them to practise 'lines' in a fun and supportive setting. Through this they develop their speaking skills and their social interaction also develops. Even better, it enables participants to build confidence and earn sincere applause.

This therapy helps them to gain self confidence, to improve interaction with peers and to improve recognition of emotions in others. It also helps them to build new skills for following directions. Some instructors use masks for this therapy. When we wear a mask, our peripheral vision is obstructed and we can only see that which is exactly in front of us. These masks help such children to develop direct eye contact with their co-actors. And thus they interact through eye-contact, gradually building up confidence.

This therapy has helped many people. But there are very few dramatists working in this field. We all want to become doctors, engineers or teachers. How many of us think about this? This is also a good career option and a noble profession. These children are also a part of our society, the only thing they need is little help to lead a normal life. So, why can't we help them? What do you think?

Indifference to Poetry-reading in the Age of Celebrity

Monalisha Bhattacharyya

1st year, Dept. of English

There is a popular saying – “When civilisation advances, poetry declines.” Though we cry for being civilised or polished, human civilisation still has a long way to go. Pseudo civilisation has made us unethical, unsocial and undutiful. On the other hand, the reading of poetry provides boundless pleasures and satisfies the poetic desire inherent in man. Our modern age is infinitely busy. In this satellite-age man has failed to retain the sweeter sentiments and finer feelings. We are driven by motion and not by emotion. What we have to bear in mind is that poetry is a speaking picture and picture is silent poetry. Now poetry is distinguishable from prose metrically as well as dictionally. Words in the hands of poets must be high-powered. A poet is, so to say, a wizard of words-words that illuminate and electrify the minds of readers.

A question arises in my curious mind whether poetry-reading in this age is relevant or not. The majority of people are fond of reading poetry in this high-tech age of sick hurry and divided aims. They realised a rare feeling of joy, mirth and a thrill when they go through a poem or hear a poem properly recited. Poetry is a thing to be felt and appreciated. It is a thing to dream of, not to tell. In Bengal many of us prefer reading Tagore’s and Nazrul’s pass poems. Einstein, an outstanding master of science used to pass his leisure by studying poetry.

There are various categories of poetry. Some poetry lovers enjoy reading pastoral poetry. Some others prefer going through narrative poetry, such as epics and ballads. A great many people realise reading either dramatic and lyrical poems. Satirical poems arrest the attention of some others. So different types of poems supply us with different kinds of enjoyment.

The reading of poetry rejuvenates our power of thinking and reincarnates our lost thoughts and rekindles our sense of imagination.

Poetry-reading is not only a reading of some stanzas but it also adds joy to our emotional life. Poetry is spontaneous overflow of our powerful feelings. If our feelings are given a local habitation and a name, we will be able to lead our prosaic lives with poetic acumen.

The hectic speed of modern life and its marathon running after money has dwindled our fervent zeal for the reading of poetry. We should not forget that a drop of ink may make a million think. Poets are really the legislators of the world. Real poetry hypnotizes human hearts. Its reading goes a long way to humanize our sensibilities.

Though it is an age of hurry, the delight of reading poetry can never be eschewed.

My view is that poetry must not be allowed to decline in the present era of science and technology. We must develop the habit of reading poetry with a view of feeding our minds. We must understand that poetry reading and the pursuit of science are complementary to each other. A poet, a painter and a man of science aim to reach the same God – the unfolding of the truths in life.

গীতগোবিন্দের কবি

অন্তরা ব্যানার্জী
অধ্যাপিকা, সংস্কৃত বিভাগ

দ্বাদশ শতকের কবি জয়দেবের জীবনচরিত লেখার মতো ঐতিহাসিক তথ্যপঞ্জী বিরল। নবদ্বীপে পাওয়া একটি শিলালিপিতে তাঁকে মহারাজ লক্ষণসেনের অন্যতম সভাকবি বলা হয়েছে। জয়দেব তাঁর গানে মহারাজের কথা উল্লেখ করেননি, তবে উমাপতিধর, গোবর্ধন আচার্য, শরণ ও কবি ধোয়ী'র নাম করেছেন, যাঁরা বিদ্যানুরাগী লক্ষণসেনের পৃষ্ঠপোষকতা লাভ করেন।

গীতগোবিন্দে 'কেন্দুবিন্দু সাগরে'র প্রসঙ্গ আছে। বাংলার মানুষ বলেন, বীরভূমে অজয় নদের তীরে কেন্দুবিন্দু গ্রামে কবির জন্ম। অপরদিকে, উড়িষ্যার মানুষ দাবি করেন, পুরীর কাছে অবস্থিত কেন্দুবিন্দু শাসন তাঁর জন্মস্থান, কারণ বীরভূমের কেঁদুলিতে সাগরের অস্তিত্ব নেই।

গীতগোবিন্দের শেষ গানে কবি পিতা ভোজদেব, মা বামাদেবী এবং পরাশর প্রভৃতি 'দোহার বা বায়েন' বন্ধুদের উৎসর্গ করেছেন নিজের কাব্যখানি (১২/২৯)। গ্রন্থে নানা জায়গায় কবি নিজেকে পরিচয় দিয়েছেন 'পদ্মাবতী-রমণ' কবি বা 'পদ্মাবতীচরণচারণ চক্রবর্তী' রূপে। জয়দেব ও পদ্মাবতীর প্রেম এবং দাম্পত্য ঘিরে বহু কিংবদন্তী ছড়িয়ে আছে লোকমুখে। শোনা যায়, পদ্মাবতী শৈশব থেকে নাচেগানে অনন্য প্রতিভার অধিকারিণী ছিলেন। পুরীতে জগন্নাথ মন্দিরে তাঁকে দেবদাসীরূপে অর্পণ করেন তাঁর বাবা-মা। পরে জয়দেবের সঙ্গে তাঁর বিবাহ হয়। সুকবি, সুগায়ক জয়দেবের উপযুক্ত সহধর্মিণী হয়ে ওঠেন নৃত্য-গীত-পটয়সী পদ্মাবতী।

শোনা যায়, উড়িষ্যার শ্রেষ্ঠ শিল্পী বুঢ়ন মিশ্র একদা রাজা লক্ষণসেনের সভায় নিমন্ত্রিত হয়ে এসেছিলেন। পদ্মাবতী ও জয়দেব তাঁকে প্রতিদ্বন্দ্বিতায় হারিয়ে রাজার হাত থেকে জয়পত্র লাভ করেন।

শোনা যায়, নবপরিণীতা বধূর সাহচর্যে গীতগোবিন্দ রচনায় হাত দেন কবি। পদ রচনা করেন, পদ্মাবতীকে পড়ে শোনান, পদ্মাবতী আবার সুরে-তালে গান গেয়ে কবিকে শোনান— এভাবেই এগিয়ে চলে গীতগোবিন্দ কাব্য — রাধা-কৃষ্ণের মিলন-বিরহ-লীলা।

অন্য গোপিনীদের সঙ্গে লীলা বিলাসে রত মাধবকে দেখে অভিমানে ফিরে এসেছেন রাধা। অনুশোচনায় ক্লিষ্ট মাধব বলছেন, 'আমাকে গোপবধূরা ঘিরে আছে দেখে তিনি চলে গেলেন। সেই অপরাধে আমিও কোন কথা বলতে পারিনি। অনাদরে রাগ করে ফিরে গেছেন তিনি। কে জানে, এখন কি করছেন, কি বলছেন! তাঁকে ছাড়া কাজ কি আমার ধনে-জনে-গৃহে?' কবি বলছেন গানের সুরে, 'যাঁর জন্য সংসারবাসনার শৃঙ্খল পরেছেন কংসারি মধুসূদন, সেই রাধাকে হৃদয়ে ধ্যান করতে করতে তিনি ব্রজসুন্দরীদের ছেড়ে চলেন— তাঁকে কোথাও খুঁজে না পেয়ে বিলাপ করেন একান্তে—'অনুক্ষণ তিনি আমার অন্তরে। কেন বাইরে খুঁজে মরি, বৃথা বিলাপ করি? আমি তো জানি, কী দারুণ ঈর্ষায় ব্যথিত তাঁর মন। কিন্তু কোথায় তিনি, কেমন করে ক্ষমা চাইব তাঁর কাছে? ক্ষমা কর দেবি! আর কক্ষনো এমন কাজ করব না.... তোমার বিরহ যে আর সহ্য হয় না।' (৩/৪, ৩/৯)

চতুর্থ সর্গে শ্রীমতীর সখী এসে কৃষ্ণকে জানায়, অভিমানিনী রাধা কৃষ্ণের অদর্শনে ‘সূর্য-তাপ-দন্ধ স্নিগ্ধ কুসুমের মতো স্নান’ হয়ে আছেন। নিরন্তর জপ করে চলেছেন প্রিয়তমের নাম। তাঁর বাঁচার আর কোন আশা নেই।

হরিরিতি হরিরিতি জপতি সকামম্।

বিরহবিহিতমরণেব নিকামম্।।

পঞ্চম সর্গে কৃষ্ণের বার্তা নিয়ে সখী ফিরে আসে। সন্তপ্ত শ্রীহরির দশা বর্ণনা করে বলে, ‘..... কথা রাখ, রাত শেষ হয়ে এল, সত্বর তাঁর সাথে দেখা কর, পূর্ণ কর তাঁর বাসনা।’ (৫/১৫) সখীমুখে সব শুনেও শ্রীমতী চুপ করে রইলেন। তাঁর মন চাইছিল ছুটে যেতে, কিন্তু পায়ে পায়ে জড়িয়ে আছে অভিমান। অপরাধী নিজে না এলে ভাঙবে না তার দুর্জয় রাগ।

মাধবের প্রতিক্ষায় মুহূর্ত গোনে শ্রীমতী। রাত কেটে গেল, প্রভাতে অপরাধী মুখে এসে দাঁড়ালেন মাধব, ধীরে, নীরবে। তাঁকে দেখে রাগে দুঃখে ফেটে পড়েন রাধা। নিশ্চয়ই গত রাতে অন্য কোন রমণীকে সন্তোগ করে এসেছেন, এমন অনুমান করে কঠোর ভর্ৎসনা করতে থাকেন তাঁকে (৮ম সর্গ)। ফিরে যান শ্রীহরি।

তাঁকে ফিরিয়ে দিয়ে আবার তাঁরই জন্য চোখের জল ফেলেন রাধা দিব্যরাত্রি। সারাক্ষণ তাঁকেই ধ্যান করেন। সখীরা তাঁর দশা দেখে কৃষ্ণকে ফিরিয়ে আনতে যায়। তাদের মুখে সব শুনে মাধব আর একবার এসে দাঁড়ান রাধার কুঞ্জকুটীরে। মধুর স্বরে বলেন,

“কথা বল প্রিয়ে, একবার কথা বল —

তোমার দশন ছটায় দূর হয়ে যাক হৃদয়ের অন্ধকার। (১০/২)

শাস্তি যদি দিতে চাও

নয়ন বাণে বিদ্ধ কর, ভুজপাশে কর বন্দী। (১০/৪)

শুধু একটি চাওয়া, সতত হৃদয়ে থাকো প্রীতির বাঁধনে। (১০/৫)

তুমসি মম ভূষণং তুমসি মম জীবনম্

তুমসি মম ভবজলধিরত্নম্।

দূর করো প্রিয়ে অকারণ মান....

স্মরণরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং....”

শোনা যায়, এ পর্যন্ত লিখে আর কলম সরে না কবির, জোগায় না ভাষা। পদ্মাবতী বলেন, ‘স্নান সেরে আসুন। পরে আবার লিখবেন।’ তিনি আহ্বারের আয়োজন করতে থাকেন। অল্পক্ষণ পরে দেখেন, কবি ফিরে এসেছেন। আহ্বারান্তে পদ সমাপ্ত করে প্রবেশ করলেন বিশ্রাম গৃহে। আরও কিছু পরে পদ্মাবতী দেখলেন, কবি বাইরে থেকে ফিরছেন। কবি-পত্নী অবাক হয়ে বলেন, ‘এইমাত্র বিশ্রাম নিতে গেলেন, আবার কোথা থেকে ফিরলেন!’ ছুটে গিয়ে দেখেন দু-জনে, পুঁথির অসমাপ্ত পদের স্থানে স্পষ্টাক্ষরে লেখা — ‘দেহি পদপল্লবমুদারম্!’ ভক্ত বৎসল ঈশ্বর করুণার চিহ্ন রেখে গেছেন গীতগোবিন্দ কাব্যে!

দ্বাদশ সর্গে দেখা যায়, কৃষ্ণের মধুর কথায় সব অভিমান ভুলে শ্রীমতী সেজেছেন মিলন-সাজে, মেতে উঠেছেন রতিরঙ্গে। রচনা শেষে কবি রাধা-শ্যামের মন্দিরে তাঁর গান শুনিয়েছিলেন। নানা দিক থেকে আসা সহৃদয় দর্শকের সামনে সঙ্গীতে ও নৃত্যে গীতগোবিন্দকে রূপ দিয়েছিলেন পদ্মাবতী স্বয়ং।

এর প্রায় ২০০ বছর পরে এই কাব্য ভক্ত বৈষ্ণবের প্রাণের কাব্যে পরিণত হয়। পুরীর মন্দিরে নিত্য এর গান পরিবেশিত হত। শোনা যায়, শ্রীচৈতন্য বন্ধুসঙ্গে এই কাব্যের রসালোচনা করতেন। পরবর্তীকালে রূপ গোস্বামীর ব্যাখ্যা গৌড়ীয় বৈষ্ণব সমাজে গীতগোবিন্দকে অন্যতর মর্যাদায় প্রতিষ্ঠিত করে।

বৈষ্ণবভক্ত যদিও কবি জয়দেবকে কৃষ্ণভক্তরূপে দেখাতে চান, ইতিহাস কিন্তু অন্য কথা বলে। পাল বংশের শেষের দিকে রাজাদের দুর্বলতার সুযোগে বাংলা অধিগত করেন কর্ণাটের সেন রাজারা। পাল রাজারা ছিলেন বৌদ্ধ। সে ধর্ম ক্রমে অন্তঃসারশূন্য এবং বাহ্যিক আচার-অনুষ্ঠানমাত্রে পর্যবসিত হয়। সেন-বর্মন পর্বের লিপিতে আগম ও তন্ত্রচর্চার উল্লেখ আছে। বৌদ্ধ মহাযান-বজ্রযান, তন্ত্র বামাচার বা হিন্দু-ব্রাহ্মণ্য-পৌরাণিক ধর্মমত পারস্পরিক দ্বন্দ্ব ও বিদ্বেষ সত্ত্বেও একই স্থানকালে সহাবস্থিত হয়েছিল। তন্ত্রের শক্তিসাধনার নামে একধরনের ‘কামকেলি’ সমাজের অভিজাত সম্প্রদায়ের মধ্যে ছড়িয়ে পড়েছিল। পালযুগের শেষ থেকেই মন্দিরগুলিতে দেবদাসীপ্রথা ফুলে ফেঁপে ওঠে। লক্ষণসেনের রাজসভায় প্রতি সন্ধ্যায় ‘বাররামা’দের নৃত্য-গীত হত, রাধাকৃষ্ণের প্রেমলীলা বা নানা ‘কামকল্পনা’ মূলক ভাবনার আশ্রয়। বাঙালির ইতিহাস (আদিপর্ব) গ্রন্থে নীহাররঞ্জন রায় লিখছেন, ভারত জুড়ে জয়দেবের খ্যাতি বৈষ্ণবসাধক কবিরূপে অথচ জয়দেব একান্তই তা নন। তিনি পঞ্চপাসক স্মার্ত ব্রাহ্মণ। কঙ্কি ও মহাদেবও তাঁর অকুণ্ঠ স্তুতিলাভ করেছেন। তাঁর গীতগোবিন্দ লক্ষণ সেনের রাজসভার জন্যই রচিত রাজসভার সুর ও আবহের সঙ্গে সঙ্গতি রেখে ‘নৃপতি ও সভাসদদের রসাবেশনির্মীলিত চক্ষুর দিকে দৃষ্টি রাখিয়া জয়দেব গীতগোবিন্দ ও গোবর্ধন সপ্তশতী রচনা করিয়াছিলেন’ (পৃ. ৬২৭, জয়দেব ও গীতগোবিন্দ)। কিন্তু তিনিও স্বীকার করে নিয়েছেন, ‘অলৌকিক দেবকাহিনী ও লৌকিক প্রেমগাথার এরূপ সমন্বয় ইতিপূর্বে ভারতীয় সাহিত্যে আর দেখা যায় নাই’ (পৃ. ৬২৮, ঐ)। রাধা ও কৃষ্ণ — আমাদের বড় কাছের হয়ে ওঠেন, যখন দেবতা নিজে এসে ক্ষমা চান ভক্তের কাছে — বলেন তাঁর অনুরাগিনীকে—‘দেহি পদপল্লবমুদারম্’— ‘পায়ে পাঁড়ি প্রিয়ে রাগ কোরো না’। এই সমন্বয়ের ধারাতেই পরবর্তী ‘বৈষ্ণব মহাজন’ পদাবলীর উদ্ভব। সুকুমার সেনও মনে করেন, বৈষ্ণব পদাবলীর আদিকবির সম্মান জয়দেবেরই প্রাপ্য (পৃ. ৬, ভূমিকা, বৈষ্ণব-পদাবলী)। তাঁর গান শুধু মিথিলা, বাংলা বা আসামে নয়, গুজরাট, পাঞ্জাব, রাজস্থানেও বৈষ্ণব তথা আধ্যাত্মিক পদাবলীর পথ খুলে দিয়েছিল (পৃ. ৫, ঐ)। সেই সঙ্গে উন্মোচিত হল বাংলার পদাবলী কীর্তনের গানের ধারাটিও।

সুকুমারী ভট্টাচার্য গীতগোবিন্দকে খুব উঁচু দরের সাহিত্য বলে স্বীকার করেননি। জয়দেবের কাব্যে অনুপ্রাসের ঘটা, শব্দবাক্যের যতটা আকর্ষণীয়, অর্থের দৈন্য ততটাই দুর্ভাগ্যজনক। শব্দ সেখানে মনের গভীরে প্রবেশ করে সার্থক হয়ে ওঠে না। গানের সুরে কবিতার সে দৈন্য সবটুকু ঢাকা পড়ে না। সুকুমারী ভট্টাচার্যের কথা নিতান্তই সত্যি। তবু প্রশ্ন জাগে কী যোগ্যতায় গীতগোবিন্দ ভক্তসমাজে এমন খ্যাতির আসন পেল?

নাট্যশাস্ত্রে শৃঙ্গারকে বলা হয়েছে আদিরস, অর্থাৎ যা সব রসের মূল। তার প্রায় দেড়হাজার বছর পরে আলংকারিক ভোজরাজ বললেন, শৃঙ্গার পরম প্রেমস্বরূপ, তাই শৃঙ্গার শ্রেষ্ঠ। এই প্রেমের কোন বিষয় নেই, এটি আনন্দস্বরূপ, অতীন্দ্রিয়। শৃঙ্গারকে অভিমানও বলা হয়, কেন না অহঙ্কারের যে দুঃখ, তাকেও সুখ বা আনন্দরূপে অনুভব করাই অভিমানের কাজ। শৃঙ্গারের অভিমান রসিকচিত্তে সাত্ত্বিকভাব এবং আত্মানুভূতির আনন্দ জাগিয়ে তোলে। এজন্য প্রায় সব নাট্যতত্ত্ববিদ প্রেমকে ‘বিশ্বোত্তীর্ণ রস’ বলে মেনে নিয়েছেন। বৈষ্ণব কবিরা তো বটেই, ভোজরাজ, শ্রীকর্ণ, বিশ্বনাথ কবিরাজ, পণ্ডিতরাজ জগন্নাথ প্রভৃতি সকলেই জাগতিক মিলন-বিরহের উর্ধ্ব শাস্ত

প্রেমের আবেদন সন্ধান করেছেন শৃঙ্গারে। দার্শনিক ও রসতাত্ত্বিকের এ জাতীয় যাবতীয় তত্ত্বালোচনার উৎসমুখ জয়দেবের গীতগোবিন্দ।

কবির কল্পনা কবির বাস্তবকে বাদ দিয়ে সম্ভব নয়। গোবিন্দভক্ত জয়দেব গান লিখেছেন পদ্মাবতীকে ভালোবেসে, উৎসর্গ করেছেন ইষ্টদেবতাকে। সে গানের সুর পরবর্তী পাঁচশো বছর ধরে বেজেছে ভারতের নানা প্রদেশে। বামাচারের নামে কামাচারে নিমজ্জমান সমাজের ভাবনার মোড় ঘুরিয়ে দিয়েছিলেন ভক্তি-আন্দোলনের প্রবর্তকরা— কাম থেকে প্রেমে, ভোগ থেকে ত্যাগে ও বৈরাগ্যে। জয়দেবের গানের সুর তাঁদের আদর্শকে রূপ দিয়েছিল, রূপ দিয়েছিল একটি বিশেষ সময়ের প্রয়োজনকে — শব্দ বা অর্থের সার্থকতার বিচার সেখানে গৌণ।

গ্রন্থপঞ্জী :

- ১। চট্টোপাধ্যায়, নৃপেন্দ্রকৃষ্ণ, চিত্রে জয়দেব, দেব-সাহিত্য কুটীর, কলকাতা, ১৯৭২
- ২। ভট্টাচার্য, সুকুমারী, প্রবন্ধ সংগ্রহ (৪), গাঙচিল, ২০১৪
- ৩। রায়, নীহাররঞ্জন, বাঙালির ইতিহাস (আদিপর্ব), দে'জ পাবলিশিং, কলকাতা, ১৪১৬
- ৪। স্বামী প্রজ্ঞানানন্দ, ভারতীয় সঙ্গীতের ইতিহাস (১ম, ২য়, ৩য় ভাগ), শ্রীরামকৃষ্ণ বেদান্তমঠ, ২০১১
- ৫। সেন সুকুমার, বৈষ্ণব পদাবলী, সাহিত্য একাডেমী, কলকাতা ২০১৫

Where Angels, Demons and Star Trek meet Science

Manusree Banerjee

1st Year, Dept. of Statistics

Antimatter has fuelled many science fiction stories. Professor Langdon, in the book *Angels and Demons*, tries to save Vatican city from an antimatter bomb. Star Trek's Starship Enterprise uses matter-antimatter annihilation propeller for faster-than-light travel. But, antimatter is not fiction, rather it is as real as it gets. Antimatter is the mirror image of matter. It is composed of antiparticles having opposite charge and spin to that of their matter counterpart.

When matter and antimatter meet they mutually annihilate each other liberating pure energy. A hydrogen atom is formed by an electron and a proton. Similarly, a positron (antiparticle of electron) and an antiproton (antiparticle of proton) can form an anti hydrogen atom. Antimatter in the form of antiatoms is one of the most difficult materials to produce.

Theoretically, the big bang should have created matter and antimatter in equal amounts. When matter and antimatter meet, they annihilate, leaving nothing but energy. So practically, none of us should exist. Physicists have concluded that we exist because there was one extra matter particle for every billion matter-antimatter pairs.

A gram of antimatter can produce an explosion equivalent to a nuclear bomb. Although difficult to produce, CERN, DESY and Fermilab has produced antimatter in their laboratories in very small quantities weighing a few nanograms. Positrons and antiprotons can be held in Penning traps. They are tiny accelerators inside which antiparticles is ultra high vacuum and the antiparticles spiral around magnetic field lines as forced by magnetic field, and electric field keep them from colliding with walls of the trap.

Neutral particles such as anti hydrogen are held in Ioffe traps as they cannot be confined by electric fields.

The earth's magnetic field can also act as a sort of antimatter trap. Antiprotons have been found in zones called Van Allen radiation belts.

